পত্রাঞ্চ	প্রদানের তারিখ	গ্রহণের তারিখ	পত্ৰান্ধ	প্রদ
	1			
	:	The state of the s		
	To the state of th	And the second s		
			•	

শ্রীইন্দ্রদয়াল ভট্টাচার্য্য




২৮শে প্রাবণ, ১৩০৪ সাল।
প্রাপ্তিস্থান
উদ্বোধন কার্যালয়,
১নং মুখার্জ্জি লেন, বাগবাজার,
কলিকাতা।

All Rights Reserved]

[মূল্য। ১/০ আনা।

১ুনং মুথাৰ্জ্জি লেন, বাগবাজার, উদ্বোধন কাৰ্য্যালয় হইতে ব্ৰহ্মচারী গণেন্দ্ৰনাথ কৰ্তৃক প্ৰকাশিত।



শ্রীগোরাঙ্গ প্রেন, প্রিন্টার—ফুরেশচন্দ্র মন্ত্রুমদার, ৭১।১নং মির্জ্জাপুর খ্রীট, কলিকাতা। ৫৮০।২৭

নিবেদন

যাহাদের বড় বই পড়িবার স্থবিধা নাই এই বই তাহাদের জন্ম লিখিত। ইহা দ্বারা আচার্যাদেবের চরিত চিন্তা করিতে কাহারও বিন্দুমাত্র সহায়তা হইলে পরিশ্রম সফল জ্ঞান করিব।

শ্রীরামকৃষ্ণ আশ্রম, শ্রীহট্ট। ২৮শে চৈত্র, ১৩৩৩ বাং

শ্রীইন্দ্রদাল ভট্টাচার্যা।

ভূমিকা

কোন পথে জীবন পরিচালিত করিতে পারিলে মানব ইহ-পরলোকে যথাসম্ভব নির্ব্বিবাদে স্থথভোগ করিয়া অন্তিমে সাক্ষাৎ নিঃশ্রেয়স মোক্ষলাভ করিতে সমর্থ হয়, সেই পথ যদি নির্ণয় করিতে হয় তাহা হইলে প্রথমে ভগবান শুকদেব এবং তৎপরে ভগবান শঙ্করাচার্য্যের জীবন আমাদের বোধ হয় সর্বশ্রেষ্ঠ আদর্শ। ভগবান শুকদেব ভগবদবতার রুঞ্চদৈপায়নের অশেষ তপস্থার ফল। ব্যাস আদর্শ জ্ঞানী পুত্র লাভার্থ যে তপস্থা করেন, তাহার ফল শুকদেব। আদর্শ জ্ঞানযোগী, সম্পূর্ণ নিম্বলঙ্ক-জীবন, মোক্ষের সর্বশ্রেষ্ঠতম আদর্শ অধিকারী ভগবান শুকদেব। পুরাণে আছে, শুকদেব মায়াময় সংসারে প্রবেশের ভয়ে মাতৃগর্ভেই বাস করিতে-ছিলেন, ভূমিষ্ঠ হন নাই। ব্যাসদেব সস্তানজন্মের ইহাই বিলম্বের হেতু জানিয়া ভগবান বিষ্ণুর শরণাপন্ন হন। তিনি ব্যাদের উপর দয়াপরবশ হইয়া গোশুঙ্গে সর্ধপস্থিতিকালমাত্র সংসার হইতে মায়া অপস্ত করিতে দমত হন, আর মহাত্মা শুকদেব সেই অবসরে জন্মগ্রহণ করেন। শুকদেবের জ্ঞানযোগে শ্রেষ্ঠতম অধি-কার ও সম্পূর্ণ নির্দ্দোষ জীবনের এই আখ্যায়িকাটি একটি পরি-চায়ক। আচার্য্য শঙ্কর এই গুকদেবের সম্প্রদায়ভুক্ত এবং অনেক বিষয়ে প্রায় একরূপ। উভয়ই নিগুণ নির্ব্বিশেষ ব্রহ্মতত্ত্বে বিভোর, व्याकुमात्र बक्ताठात्री, ब्लानिशंग-मिरतामित, निर्प्ताय-निक्ष्णक्ष-कीरन, শাস্ত্র ধীর যোগী এবং ভক্ত। যে জীবনের অব্যবহিত পরে সাক্ষাৎ निर्सागरमांक, উভয়ই সেইরূপ জীবন যাপন করিয়াছিলেন। বরং

বিচার করিলে কোন কোন বিষয়ে শঙ্করে শ্রেষ্ঠতাও দেখা যায়। শুক কোন জন্ম পার্ব্ধতীর উদ্দেশ্যে কথিত শিবোক্ত জ্ঞানের কথা শুনিয়া জ্ঞানলাভ করিয়াছিলেন, কিন্তু শঙ্কর শঙ্করেরই অবতার। শুক আচার্য্যের কর্ম্ম করেন নাই, বিশ্বশুরুর পদবীতে সমারু হন নাই, কিন্তু আচার্য্য শঙ্কর তাহা করিয়াছিলেন, তাহাও হইয়া-ছিলেন। একথা শঙ্করই নিজে বলিয়াছেন.

> "ক্তে বিশ্বগুরু ব্রহ্মা ত্রেতায়াং ঋষিসভমঃ। দাপরে ব্যাস এব স্থাৎ কলাবত্র ভবাম্যহম্॥"

সতাযুগে ব্রহ্মা বিশ্বগুরু, ত্রেতাতে ঋষিশ্রেষ্ঠ বশিষ্ঠ বিশ্বগুরু, দ্বাপরে ব্যাস এবং কলিতে আমি অর্থাৎ শঙ্করাচার্য্যই বিশ্বগুরু। বাস্তবিক যিনি অবতার হন তিনি নিজেই তাহা ঘোষণা করেন।


আজ এই আত্মরিক বা ভৌতিক সভ্যতার দিনে যে পর-পদানত হিন্দুর ধর্ম মাথা তুলিয়া রহিয়াছে, অলৌকিক তত্ত্বের পরম রহস্তের জন্ত যে সেই আত্মরিক বলদৃগু ভৌতিক সভ্যতাভিমানীর সন্তান হিন্দুর শাস্ত্র আলোচনা করিতেছে, তাহার কারণ অনেক পরিমাণে শঙ্করের কীর্ত্তি। তিনি যদি শাস্ত্র-রহস্ত প্রকাশ না করিয়া বেদান্ত শাস্ত্রের ভাষ্য-টীকাদি না রচনা করিতেন, আর তিনি যদি ইহা বাদিদল বিদলিত করিয়া সর্ব্বসমক্ষেপ্রচার ও প্রতিষ্ঠিত না করিয়া যাইতেন, তাহা হইলে তাঁহার পরবর্ত্তী যে সব মণীষিবর্গের জন্ত ভারত গৌরব অন্থভব করে তাঁহারা তাঁহাদের কর্মক্ষেত্রই পাইতেন না। তাঁহারা বোধ হয় জন্মগ্রহণই করিতেন না। পরবর্তী অনেক মনীষী তাঁহার মতের প্রতিবাদ করিয়া সাধারণের নিকট মহাগৌরবভাজন হইয়াছেন- এবং এথনও অনেকে হইতেছেন।

বস্তুতঃ কাহার উপদেশ মানিয়া চলিব, ইহা যদি স্থির করিতে হয়, তাহা হইলে বোধ হয়, দর্মবাদিদমত ইহাই হইবে যে. যিনি নিজে সাধক হইয়া সিদ্ধিলাভ করিয়া প্রন্থ মধ্যে সত্য স্বয়ং লিপিবদ্ধ করিয়াছেন তাঁহারই উপদেশ পালনীয়। এই তিন্টির একটি না থাকিলেই আর তাঁহার কথা মানিয়া চলা যায় না। কারণ সাধক-জীবন-শৃশ্ত সিদ্ধ ব্যক্তি অর্থাৎ গাঁহারা আজন্ম সিদ্ধ, সাধনের অপেক্ষা গাঁহাদের নাই, তাঁহারা গ্রন্থ রচনা করিলে তাহা সাধ-কের অভাব-মোচনে ততদূর উপযোগী হয় না। রাজপুত্র যেমন দরিদ্রের ছঃখ বুঝে না স্থতরাং মোচনে তত উচ্চোগী হয় না, ইহাও তদ্রুপ হইবার কথা। আর সিদ্ধ না হইয়া সাধক অবস্থায় গ্রন্থ লিখিয়া সত্য প্রচার করিলে তাহাও পালনীয় নহে। কারণ. তাহাতে ভ্রমপ্রমাদের সম্ভাবনা আছে। আর সাধক ব্যক্তি সিদ্ধ হইয়া গ্রন্থ না লিখিলে, কেবল মুখে মুখে উপদেশ দান করিলে তাঁহার উপদেশ কালে অত্যধিক বিক্লত হইয়া যায়। স্থতরাং পরে তাঁহার মত বা সত্যনির্ণয় অসম্ভব হইয়া উঠে। এইজন্ম এই তিন্টির সামঞ্জ যাহাতে বর্ত্তমান—তিনিই আচার্য্য, তাঁহারই উপদেশ পালনীয়। তিনিই জগদগুরু বা বিশ্বগুরু হইবার যোগ্য। আর এই দৃষ্টিতে যদি দেখা যায়, তাহা হইলে অনেক মহাত্মাই, পূজনীয় হইলেও সাধারণ মানব জীবনের পথপ্রদর্শক হইতে পারেন না, তাঁহারা আচার্য্য বা জগদগুরু হইবার যোগ্য নহেন। আচার্য্য শঙ্করে এই তিনটি গুণ পূর্ণমাত্রায় বা আশাতীত মাত্রায় বর্ত্তমান ছিল। এইজন্মও আচার্য্যজীবন নিঃশ্রেমসকামীর অত্যধিক অমুদরণীয়, অমুকরণীয় এবং অবলম্বনীয়।

मिर आंठार्यात्रहे कौरनाठति श्रीयुक हेक्समञ्जान चंडीाठाया

মহাশয় অতি সরল ভাষায় সংক্ষেপে লিপিবদ্ধ করিয়াছেন। আশা করি, ইহা পাঠ করিয়া আচার্য্য শক্ষরের প্রকৃতভাব কতকটা হৃদয়ঙ্গম করিতে পারিবেন। ইতি

কলিকাতা,
২৮৷৩ ঝামাপুকুর লেন।
২৩শে বৈশাথ, ১৩৩৪ সাল।



জগদ্গুরু শঙ্করাচার্য্য

প্রথম অধ্যায়

প্রয়েজন

ভগবান বুদ্ধদেব কঠোর তপস্থা করিয়া পরম শান্তিময় নির্ববাণ লাভ করেন। জীবের তুঃথে কাতর হইয়া,
তিনি মানুষ মাত্রকেই নির্ববাণের পথে আহ্বান করিয়াছিলেন। তাহার ফলে কয়েক শত বৎসর মধ্যে ভারতের
অধিকাংশ লোক বৈদিকধর্ম্ম পরিত্যাগ করিয়া বুদ্ধদেব
প্রচারিত নির্ববাণ লাভের চেন্টায় রত হইল। রাজসভা
হইতে দরিদ্রের পর্ণকৃতির পর্যাস্ত রাজতনয় বুদ্ধদেবের চরিত
কথায় মুখরিত হইয়া উঠিল। দেশের সর্ববত্র বৌদ্ধ
বিহারাদির প্রতিষ্ঠা হইল। বৌদ্ধ শ্রমণগণ পৃথিবীয়
সর্বব্র বৌদ্ধধর্ম প্রচার করিয়া বেডাইতে লাগিলেন।

নির্বাণ লাভে মামুষের চির শাস্তি হয় বটে, কিন্তু তাহা লাভ করিতে অনেক কফ স্বীকারও করিতে হয়। বৃদ্ধদেবের জীবনের জ্বলম্ভ উদাহরণ যতই পুরাতন হইতে গাগিল, ততই লোকের নির্বাণ লাভের আগ্রহও কমিয়া

আসিল। তপস্থার কঠোরত। শিথিল হইল, সন্ন্যাসীর আশ্রমে ভোগ ও আলস্থা প্রবেশ করিল। ক্রমে ক্রমে ধর্মা কেবল মতামত ও আচার মাত্রে পর্যাবসিত হইল। তখন চতুর ভোগিলোক নিজের স্থবিধামুযায়ী বৃদ্ধদেবের উপদেশের নানারূপ ব্যাখ্যা করিতে লাগিল। তাহার ফলে কত শত অন্তত মত ও বীভৎস স্থাত আচার, বৌদ্ধ-ধর্ম্মের নামে ও পোষাকে ভারতে সর্বনাশের কারণ হইল। পরস্পর-বিরোধী সেই সব মত ও আচার লইয়া মানুষ ঈর্যায় জ্বিতে লাগিল। নিজের সাধনপ্রণালী অমুষ্ঠান না করিয়া, তাহা যে অন্সের প্রণালী হইতে উৎকৃষ্ট, ইহা প্রমাণ করিতে লোক বাস্ত হইল। জ্ঞানলাভ, ভগবান-লাভের কথা ভুলিয়া গিয়া, মান-যশের জন্ম কঠোর সাধন করিয়া নানারূপ শক্তিলাভের চেষ্টায় তাহারা উন্মন্ত হইয়া উঠিল। ধর্ম একটা ব্যবসামাত্র ছইল। চতুর লোক ভণ্ডামি করিয়া সমাজ-শিক্ষক গুরুর স্থান অধিকার করিল। ঋষিদের অমুভূত সত্য জানিতে না পারিয়া লোকে ভণ্ডদের মতকে বেদের ভায় মান্ত করিতে লাগিল। সংলোকের মান রহিল না।

বৌদ্ধ ধর্ম্মের সর্ববগ্রাসী প্রভাব সত্বেও কোনও কোনও স্থানে ব্রাহ্মণগণ বহু কর্ম্টে বেদচর্চ্চা ও বৈদিক ধর্মামুষ্ঠান কিয়ৎপরিমাণে রক্ষা করিয়াছিলেন। দেশের এই চুর্দিনে,

প্রয়োজন

বৌদ্ধর্শ্যের এই ঘোর অবনতির সময়, তাঁহারা আবার বেদ প্রচারের চেষ্টা করিতে লাগিলেন। ক্রমে ক্রমে সেই আন্দোলন প্রবল হইয়া উঠিল। শকাব্দের ষষ্ঠ-শতাব্দীতে প্রয়াগের কুমারিল ভট্ট বেদ প্রচারের জন্ম দিগ-বিজয়ে বহির্গত হইলেন।

কুমারিল ভট্ট

কুমারিল ভট্ট বেদাদি শাস্ত্রে মহামহোপাধাায় পণ্ডিত, অত্যন্ত তেজস্বী ও বৈদিক কর্ম্মকাণ্ডে নিষ্ঠাবান গৃহস্থ ব্রাহ্মণ। তিনি বৌদ্ধধর্ম্মের গ্লানিতে মানবের দুঃখ দেখিয়া শান্তিপ্রদ বৈদিক ধর্ম প্রচারে কৃতসংকল্ল হন। বৌদ্ধগণ অত্যন্ত কৃট তার্কিক ছিলেন। ভট্টপাদ দেখি-লেন. তাঁহাদের শাস্ত্র ভালরূপে না জানিলে তাঁহাদের সঙ্গে তর্ক করিয়া বেদধর্ম্ম স্থাপন অসম্ভব। তাই তিনি বৌদ্ধ পণ্ডিতদের নিকট বৌদ্ধশান্ত্র অধায়ন করেন। সেই সময় একদিন বৌদ্ধগণ বেদের অত্যন্ত নিন্দা করিতে লাগিলেন। তাহাতে কুমারিলের এত কফ হইল যে, তিনি অশ্রু সংবরণ করিতে পারিলেন না। তাঁহাকে কাঁদিতে দেখিয়া বৌদ্ধগণ চমকিত হইলেন। তিনিও আর মনের ভাব গোপন করিয়া রাখিতে পারিলেন না: বেদ লইয়া বৌদ্ধদের সঙ্গে তর্কে প্রবৃত্ত হইলেন। কৃট তার্কিক বৌদ্ধদের সঙ্গে তর্ক করিতে করিতে উত্তেজিত হইয়া

যে সব রাজা বৌদ্ধধর্ম ত্যাগ করিয়া বৈদিক ধর্ম গ্রাহণ করেন তাঁহাদের মধ্যে কর্ণাটের রাজা স্থধন্বার নাম বিশেষ উল্লেখযোগ্য। কুমারিলের বহু পণ্ডিত শিষ্য ছিলেন। তন্মধ্যে প্রভাকর ও মণ্ডনমিশ্র সর্ববপ্রধান। মণ্ডনকে ভট্টপাদ আপন অপেক্ষা অধিক ধীমান্ বলিয়া মনে ক্রিতেন।

কুমারিল গুরু-দ্রোহ পাপের প্রায়শ্চিত্ত স্বরূপ তুষা-নলে তমুত্যাগ করেন। তিনি বৌদ্ধ আচার্য্যের শিশ্বত্ব গ্রহণ করেন; পরে পণ অনুসারে গুরুবধের হেতু হন। কাহারও মতে বৌদ্ধসংঘ তাঁহার গুরুকুল, সেই কুলের ধ্বংস করাই তাঁহার গুরুদ্রোহ।

বৌদ্ধর্মের শেষ ফল যাহাই হউক, একটা উচ্চ চিন্তা উচ্চ আকাজ্জা দেশময় যে প্রচারিত হইয়াছিল তাহা আর লোপ পায় নাই। কুমারিল বৌদ্ধমত নিরস্ত করিলেন বটে, কিন্তু মামুষের বৃদ্ধি হইতে নির্বাণের মহন্ত-বোধ দূর করিতে পারিলেন না। আর, তিনি কেবলমাত্র বেদের কর্ম্মকাগুই প্রচার করেন। স্থতরাং মামুষের উচ্চাকাজ্জা পূর্ণ করিতে ও সর্বজনের উপযোগী বেদধর্ম্ম প্রচার করিতে আর একজন মহাপুরুষের প্রয়োজন হইল।

দ্বিতীয় অধ্যায়

আবিৰ্ভাব

ভারতের দক্ষিণ-পশ্চিম-সীমান্তে কেরল দেশে মালা-বার প্রদেশ। সেখানে বৈদিক ধর্ম্মপরায়ণ নম্বুরি বা নমুত্তরি ব্রাহ্মণগণ অতি প্রাচীনকাল হইতে বাস করি-তেছেন। তাঁহারা না-কি ভগুরামের আহ্বানে আর্য্যাবর্ত্ত হইতে কেরল দেশে গিয়া বাস করেন। তদবধি তাঁহার। এখন পর্য্যন্ত প্রাচীন বেদাচার রক্ষা করিয়া আসিতেছেন। শকান্দের ষষ্ঠ-শতাব্দীতে কালাডি গ্রামের নম্বুরি ব্রাহ্মণ-বংশে শিবগুরু নামে এক তপস্বী ব্রাহ্মণ বাস করিতেন। তাঁহার পত্নী বিশিষ্টা দেবী তাঁহারই ন্যায় ভক্তিমতী ছিলেন। উভয়ে জপতপেই কাল কাটাইতেন। শিব-গুরুর বিবাহ করিবার ইচ্ছা ছিল না। পিতার এক-মাত্র পুত্র বলিয়া পিতার বিশেষ আগ্রহে বিবাহ করেন। কিন্তু সম্ভান-সম্ভতি কিছুই হইল না। শেষ বয়সে পুত্ৰ-লাভের জন্ম পতি পত্নী শিবের আরাধনা করেন। শিবের বরে তাঁহাদের এক পুত্র সম্ভান জন্মগ্রহণ করিল। সে-দিন ৬০৮ শকাব্দের (৬৮৬ খঃ অঃ) ১২ই বৈশাখ

শুক্রা তৃতীয়া তিথি।* শিবগুরু ইফটদেবের নামামুসারে পুত্রের নাম রাখিলেন শঙ্কর।

শঙ্কর অতি শিশুকালেই অমাসুষিক প্রতিভার পরিচয় দিলেন। এক বৎসর পূর্ণ হইতে না হইতে মাতৃভাষায় সকলের স্থায় কথাবার্ত্তা বলিতে লাগিলেন। তুই তিন বৎসর মাতাপিতার মুখে পুরাণের গল্প শুনিয়া অবিকল পুনরার্ত্তি করিতে সমর্থ হইলেন। তিনি শ্রুতিধর ছিলেন: যাহা শুনিতেন তাহাই মনে রাখিতে পারিতেন। তাঁহার তিন বৎসর বয়স হইতে না হইতে শিবগুরু দেহত্যাগ করিলেন। বংশের রীতি অমুসারে विभिक्षोरमवी পুত্রকে পঞ্চমবর্ষে উপনয়ন দিয়া বেদপাঠের জন্ম গুরুগৃহে প্রেরণ করিলেন। শঙ্কর গুরুমুখে শাস্ত্রবাক্য শুনিবামাত্র অসামান্ত স্মৃতি ও বুদ্ধিবলে তাহার অর্থ বুঝিয়া কণ্ঠস্থ করিয়া রাখিলেন। গুরু চমৎকৃত হইয়া অতি আনন্দের সহিত অনবরত শিক্ষাদান করিতে লাগিলেন। ছই বৎসর মধ্যে শঙ্করের বেদবেদাঙ্গ পাঠ সমাপ্ত হইল। তথন তাঁহার বয়স সাত বৎসর মাত্র। 🐔 🏢

বৈদিক ধর্মামুসারে শিক্ষার সময় সহিষ্ণুতা ও বিনয় অভ্যাসের জন্ম ছাত্রগণকে ভিক্ষা করিয়া খাইতে হয়। একদিন শিশু-শঙ্কর ভিক্ষা করিতে এক দরিদ্র ব্রাক্ষণের

মতান্তরে শুক্রাপঞ্চনী।

আবিৰ্ভাব

গৃহে উপস্থিত হন। শিশু-শঙ্করের প্রতিভাদীপ্ত মুখমগুল দেখিয়া ব্রাহ্মণীর হৃদয় স্নেহে গলিয়া গেল, কিন্তু তাঁহার গৃহে শঙ্করকে দিবার মত কিছুই ছিল না। শঙ্কর 'মা' বলিয়া ভিক্ষা চাহিলে, 'কিরুপে এই প্রাণমনোহারী বালককে বিমুখ করিবেন' এই ভাবিয়া ব্রাহ্মণী কাঁদিতে কাঁদিতে কয়েকটি আমলকী ভিক্ষাস্বরূপ শঙ্করকে দিলেন। শঙ্করের সরল শিশুহৃদয়ের বড় আঘাত লাগিল। শিশুকাল হইতে মাতাপিতার নিকট পোরাণিক গল্প শুনিয়া দেবদেবীর উপর তাঁহার পূর্ণ বিশ্বাস হইয়াছিল। তিনি মা লক্ষ্মীকে ব্যাকুল হইয়া প্রার্থনা করিলেন, "অচিরে যেন ব্রাহ্মণীর ছুংখ দূর হয়।" অল্পদিনের মধ্যে ঘটনাচক্রে ব্যাহ্মণ-দম্পতির অবস্থা ফিরিয়া গেল। কেহ কেহ লিখিয়াছেন, ব্রাহ্মণের প্রাক্ষণে সোনার আমলকী রিষ্টি হইয়াছিল।

শুরুদক্ষিণা দিয়া শঙ্কর গৃহে ফিরিলেন। শান্ত্রপাঠ ব্যতীত অন্য কোনও বিষয়ে তাঁহার মনোযোগ ছিল না। দিবানিশি 'পুস্তকরাশির মধ্যে যেন তিনি ভূবিয়া থাকিতেন। সাত বৎসরের শিশু অসাধারণ পণ্ডিত হইয়াছে, এই সংবাদ চারিদিকে প্রচার হইয়া গেল। তাঁহাকে দেখিবার জন্ম দলে দলে লোক আসিতে লাগিল। পণ্ডিত বিন্তাপরীক্ষা করিতে, কৌতৃহলী অন্তুত বালক

দেখিতে, ভক্ত উপহার দিতে আসিলেন। সকলেই আশাতিরিক্ত আনন্দ লইয়া ফিরিলেন। অনেক ছাত্রও না-কি তাঁহার নিকট শিক্ষালাভ করিতে আরম্ভ করিল।

- কেরল-রাজের নিকট এই সংবাদ পৌছিতে বিলম্ব হইল না। তিনি অতি পণ্ডিত ও সজ্জন ছিলেন, কাজেই শঙ্করকে দেখিবার জন্ম বাতা হইয়া উঠিলেন। শঙ্করের নিকট রাজার নিমন্ত্রণ যাইলে তিনি রাজসভায় যাইতে সমত হইলেন না। রাজা ইহাতে ক্রুদ্ধ বা বিরক্ত না হইয়া, অতি আগ্রহের সহিত শিল্প-পণ্ডিতকে দেখিবার জন্ম নিজেই তাঁহার নিকট উপস্থিত হইলেন। তিনি শঙ্করের অন্তুত স্মৃতিশক্তি, শান্তের মর্ম্ম বুঝিবার অসাধারণ ক্ষমতা এবং তাহা ব্যাখ্যা করিবার অপূর্বব কৌশল দেখিয়া চমৎকৃত ও মোহিত হইলেন। গুণিলোককে পুরস্কৃত করা রাজার কর্ত্তব্য; তাই তিনি শঙ্করকে বহু ধন দিতে চাহিলেন। শঙ্কর কিছুই গ্রহণ করিতে সম্মত इटेलन ना, সমুদয় ধন দরিদ্রদিগকে দান করিতে छेशाम मिल्लन।

প্রালোয়াই নদী তথন শঙ্করের বাড়ী হইতে দূরে ছিল। ইহার জল অতি পবিত্র বলিয়া বৃদ্ধা বিশিষ্টা-দেবী প্রতাহ নদীতে স্নান করিতে যাইতেন। একদিন গ্রীম্ম-কালে তাঁহার স্নান করিয়া ফিরিতে অত্যন্ত বিলম্ব হইতেছে

আবিৰ্ভাব

দেখিয়া শঙ্কর মাকে খুঁজিতে বাহির হইলেন। কিছু
দূরে গিয়া তিনি দেখিলেন, জননী মূর্চ্ছিতা হইয়া মাটীতে
পড়িয়া আছেন। এই দৃশ্যে তিনি বড়ই ব্যথিত হইলেন।
সেবা-শুশ্রামা করিয়া মার মূর্চ্ছা ভঙ্ক করতঃ কফেন্সফফে
মাকে বাড়ীতে লইয়া আসিলেন, আর সরল প্রাণে নদীর
নিকট প্রার্থনা করিলেন, 'যেন কাল হইতে নদী তাহার
গৃহের নিকট দিয়া প্রবাহিত হয়।' বিশ্বাসের অসাধ্য
কিছুই নাই। পরদিন গ্রামবাসী ঘুম হইতে উঠিয়া
আশ্চর্যান্বিত হইয়া দেখিল, আলোয়াই নদীর স্রোত
শঙ্করের বাড়ীর পার্শ্ব দিয়া প্রবাহিত। বৃদ্ধা বিশিষ্টাদেবীর যাতায়াতের কফ দূর হইল। এই সব ঘটনায়
তাহার আনন্দ হইত বটে কিন্তু কি এক আশঙ্কা ও ভয়
মাঝে মাঝে হৃদয়ের উদিত হইয়া তাঁহাকে বিধাদিত
করিত।

শঙ্করের অমানব প্রতিভা সমাজের সর্ববপ্রকার লোককেই আকর্ষণ করিত। একদিন কয়েকজন জ্যোতি-বিবিদ পণ্ডিত শঙ্করের কোষ্ঠীগণনা করিয়া দেখিবার জন্য কৌতূহলী হইয়া আসিলেন। মাতার নিকট অনুসন্ধান করিয়া শঙ্কর তাহা পণ্ডিতগণকে দেখাইলেন। মাতাও অসাধারণ পুত্রের ভবিশ্বৎ জানিবার জন্য আগ্রহান্বিত হইলেন। পণ্ডিতগণ শঙ্করের জাতপত্র গণনা করিয়া

অত্যন্ত আনন্দিত হইলেন, কারণ এমন রাশিনক্ষত্রের সমাবেশ মানুষের ভাগ্যে ঘটে না। মাতাও শুনিতে শুনিতে উৎফুল্ল হইলেন। সহসা পণ্ডিতগণ বিমর্ষ ও গন্তীর হইরা পরস্পরের প্রতি ইঙ্গিত করতঃ গণনা বন্ধ করিলেন। মাতৃহাদয় আশকায় কম্পিত হইয়া উঠিল। বিশিষ্টা-দেবী পণ্ডিতগণকে সব কথা খুলিয়া বলিবার জন্ম জেদ করিতে লাগিলেন। পুত্রের অমঙ্গলের কথা মায়ের নিকট প্রকাশ করা বড় কঠিন। আবার যে ঘটনা অল্লদিন পরেই ঘটিবে তাহা গোপন করিয়াই বা ফল কি? আবার, যে ভাবে সহসা গণনা বন্ধ করিতে হইল, রন্ধার মনে দারুণ আশকা না হইবেই বা কেন?—এইরূপ সাতপাঁচ ভাবিয়া পণ্ডিতগণ প্রকাশ করিয়া বলিলেন যে, শিক্ষরের আয়ু আট বৎসর মাত্র; তবে তপস্থায় আরও আট বৎসর বর্দ্ধিত হইতে পারে।

যাঁহার মৃত্যুর আর কয়েকদিন মাত্র বাকী আছে, তাঁহার এবং তাঁহার মাতার মনের অবস্থা সহজেই অনুমান করা যায়। বিশেষতঃ বিশিষ্টা-দেবীর একপুত্র বই আর নাই এবং সে পুত্র রূপেগুণে সর্ববজন-মনোহারী। আর শঙ্কর বেদ-বেদাস্ত পাঠে জানিয়াছেন যে, ভগবান লাভ না করিয়া দেহত্যাগ অশেষ ছঃখের হেতু। মাতা ব্যাকুল হইয়া ভগবানকে ডাকিতে লাগিলেন। শঙ্কর

আবিৰ্ভাব

ভাবিলেন, এত অল্প সময়ের মধ্যে ভগবানলাভ অসম্ভব;
তবে সন্ন্যাস লইতে পারিলে পরকালে সদগতি
হইবে। এই ভাবিয়া তিনি মনের ভাব মায়ের নিকট
প্রকাশ করিলেন। মায়ের পক্ষে এই অবস্থায় কোনও
স্থির সিদ্ধান্তে উপনীত হওয়া সহজ নহে। একদিকে
মৃত্যু, অপরদিকে সন্ন্যাস। দারুণ ছশ্চিস্তায় মাতা-পুত্রের
দিন কাটিতে লাগিল।

একদিন শঙ্কর স্নান করিতে আলোয়াই নদীতে
নামিয়াছেন, সহসা এক কুমীর তাঁহাকে আক্রমণ করিল।
তিনি চীৎকার করিয়া উঠিলেন। তথায় উপস্থিত লোক
সকল কোলাহল করিতে লাগিল; কিন্তু কেইই নিজের
জীবন বিপন্ন করিয়া শঙ্করকে রক্ষা করিতে সাহস পাইল
না। গোলমাল শুনিয়া মাতা ছুটিয়া আসিলেন। তথন
কুমীর শঙ্করকে গভীর জলে লইয়া য়াইতেছে এবং শঙ্কর
"মা, সয়য়াস দাও, মা, সয়য়াস দাও"—বলিয়া চীৎকার
করিতেছেন। জননীর বুঝিতে বাকী রহিল না য়ে, পুত্রের
আয়ু নিংশেষ। তৃথন আর ভাবিবার সময়ও সামর্থ্য
নাই। তিনি সয়য়াসের অমুমতি দিয়া অচৈতত্য হইয়া
পড়িলেন। আশ্চর্যোর বিষয় এই য়ে, মাতার অমুমতি
পাইয়া শঙ্কর মনে মনে সয়য়াস এহণ করিবামাত্র কুমীর
ভাঁহাকে ছাডিয়া দিল। তিনি সাঁতার দিয়া তীরে

আসিয়া উঠিলেন। সকলের শুশ্রাষায় বিশিষ্টা-দেবীরও মূর্চছা ভঙ্গ হইল।

মূর্চ্ছাভঙ্গে পুত্রমুখ দেখিয়া বিশিষ্টা-দেবীর প্রাণ শীতল হইল; কিন্তু তৎক্ষণাৎ পুত্রের সন্ন্যাসের কথা মনে পড়ায় প্রবল শোকে বৃদ্ধার হৃদয় উচ্ছ্বুসিত হইয়া উঠিল। এই হৃদয়-বিদারক ঘটনা যে দেখিল সেই শোকার্ত্ত হইল। শঙ্কর জ্ঞাতিগণকে সমূদ্য বিষয় সম্পত্তি দান করিয়া তাঁহাদের হস্তে মাতার রক্ষণাবেক্ষণের ভার দিলেন। সম্পত্তির লোভে জ্ঞাতিগণ বিশিষ্টা-দেবীকে নানারূপে সাস্ত্বনা দিতে লাগিলেন। কিন্তু কিছুতেই তাঁহার মন প্রবোধ মানিল না। শঙ্কর অনেক কাকুতি-মিনতি করিয়া তিনটি প্রতিজ্ঞা করিলেন;—

- (১) \(\square\) তিনি মৃত্যুকালে মাকে দর্শন দিবেন।
- (২) তাঁহাকে মৃত্যুকালে ভগবান দর্শন করাইবেন।
- (৩) স্বয়ং তাঁহার সৎকার করিবেন।

ইহাতে বৃদ্ধা কিয়ৎপরিমাণে শাস্ত হইয়া শঙ্করকে গৃহত্যাগের অনুমতি দিলেন। অফুম বর্ষবয়ক্ষ শিশু-শঙ্কর মাকে সাফ্টাঙ্গ প্রণিপাত করিয়া মানব জীবনের সর্বেবাচ্চ আদর্শ লাভের জন্ম কঠিনতম পথে যাত্রা করিলেন।

তৃতীয় অধ্যায়

দিবা কর্ম

নর্মাদাতীর যোগীদিগের সাধনার স্থান। সহস্র সহস্র বংসর যাবৎ কত যোগী এই স্থানে সাধনা করিয়া সিদ্ধিলাভ করিয়াছেন। শঙ্করের জন্মের প্রায় সহস্র বংসর পূর্বব হইতে গোবিন্দ-যোগী নামে এক সিদ্ধপুরুষ নর্মাদা তীরে একটি গুহায় সমাধিমগ্ন ছিলেন। শুকদেবের শিশ্ব পরস্পরায় গৌড়পাদ নামে একজন প্রসিদ্ধ যোগী ছিলেন। গোবিন্দপাদ তাঁহারই শিশ্ব। কেহ কেহ তাঁহাকে মহর্ষি পতঞ্জলি বলিয়াও মনে করিতেন। এইরূপ প্রবাদ ছিল যে, কোনও দেবকার্যা সাধনের জন্ম যোগী সমাধিম্ব ছিলেন; যে ব্যক্তি নর্ম্মদার জলস্রোত একটি কুস্তমধ্যে পুরিয়া রাখিতে পারিবে, সে আসিয়া শিশ্বত্ব গ্রহণ করিলে এই যোগীর সমাধিভঙ্ক হইবে। ইহার সমাধিভঙ্কে জ্ঞানলাভের আশায় অথবা অহৈতুকী ভক্তিরে জন্ম অনেক সাধক গুহার নিকটে বাস করিতেন।

শঙ্কর, গোবিন্দ-যোগীর নাম শুনিয়াছিলেন। সময় সময় কি এক অজ্ঞাত কারণে সেই যোগীকে দেখিবার

জন্ম তাঁহার মনে প্রবল আকাঞ্চলা হইত। এখন গৃহত্যাগ করিয়া গোবিন্দপাদকেই তিনি মনে মনে গুরুপদে
বরণ করিলেন। তাঁহার মত শিশুর পক্ষে এতদূরে
একাকী পায়ে হাঁটিয়া যাওয়া যে কত কঠিন ব্যাপার, '
তাহা তিনি একবারও ভাবিয়া দেখিলেন না। তিনি
নর্ম্মদাতীর লক্ষ্য করিয়া অনবরত উত্তরদিকে চলিতে
লাগিলেন।

√শক্ষর কত নদী, পর্ববত, নগর, প্রান্তর অতিক্রেম করিয়া, কত লোকের নিষেধ বাধা না মানিয়া, কত অনিদ্রা অনাহার সহা করিয়া, বহুদিনে নর্ম্মদাতীরে গোবিন্দপাদের গুহায় উপস্থিত হইলেন। তিনি গুহা প্রদক্ষিণ করতঃ তাহাতে প্রবেশ করিয়া ভক্তি-গদগদ কপ্রে গুরুদেবকে স্তৃতি করিতে লাগিলেন। দেখিতে দেখিতে গোবিন্দপাদের সমাধি ভঙ্গ হইল। শঙ্কর কি উৎসাহ লইয়া, কত উভ্যমে গুরুর দর্শন পাইয়াছেন! এখন তাঁহার সমাধিভঙ্গে আনন্দে আত্মহারা হইয়া তাঁহার চরণে সাফাঙ্গ প্রণতি করিয়া তিনি আত্মসমর্পণ করিলেন। গুহার সন্মিকটে অবস্থিত যোগিগণ এ দৃশ্যে আশ্চর্মান দ্বিত হইলেন।

গুরু শিষ্য উভয়েই উভয়কে পাইয়া পরম প্রীত হইলেন। সমাধি হইতে ব্যাখিত যোগী শুদ্ধচিত্ত লোক

দিবা কর্ম্ম

ব্যতীত কাহারও সঙ্গ সহ করিতে পারেন না; আবার শুদ্ধচিত্ত ব্যক্তি সিদ্ধপুরুষ ব্যতীত অহাকে গুরুর আসন প্রদান করিতে পারেন না। গোবিন্দ দেখিলেন, এই শিশু-মূর্ত্তির দেহমন অতি পবিত্র, পূর্ণজ্ঞান ধারণে সমর্থ; যাহার জন্ম সহস্র বৎসর ধরিয়া তিনি মানবদেহে অপেক্ষা করিতেছিলেন ইনিই সেই ব্যক্তি। শঙ্কর বুঝিলেন, শাস্ত্রে সদ্গুরুর যে সব লক্ষণ বর্ণিত হইয়াছে ইনি সেই সব লক্ষণযুক্ত গুরু। শিশ্য গুরুর সেবায় মনপ্রাণ অর্পণ করিলেন। আর গুরু শিশ্যকে অধ্যাত্মবিদ্যায় পারদর্শী করিয়া তুলিতে সযত্ন হইলেন।

ত্রকদা বর্ষাকালে কয়েকদিন ধরিয়া অনবরত রৃষ্টি
হওয়ায় নর্মাদার জল অত্যন্ত বাড়িয়া গেল। একদিন,
গোবিন্দপাদ গুহামধ্যে সমাধিমগ্ন আছেন। এমন সময়,
দেখা গেল নর্মাদার জলস্রোত ভয়ানক বর্দ্ধিত হইয়া
গুহা ডুবাইয়া কেলিবার উপক্রম করিয়াছে। শিয়ৢগণ
এই অবস্থায় কি করা কর্ত্তব্য কিছুই স্থির করিতে
পারিতেছেন না। সমাধিস্থ গুরুদেবকে বহন করিয়া
স্থানান্তরিত করা ছাড়া আর কোনও উপায় রহিল না।
বালক শঙ্কর কিন্তু এই সব পরামর্শে যোগদান না করিয়া
এক স্বতন্ত্র উপায় অবলম্বনে রত হইলেন। তিনি একটি
কলসী সংগ্রহ করিয়া গুহার মুখে স্থাপন করিলেন.

এবং পূর্বের যেরূপ সরল বিশ্বাসে আলোয়াই নদীকে স্প্রোত্তর গতি পরিবর্ত্তন করিতে অমুরোধ করিয়াছিলেন, সেইরূপ দৃঢ় বিশ্বাসের সহিত নর্ম্মদাকেও এই কুন্ত মধ্যে প্রবেশ করিয়া স্থির হইতে অমুরোধ করিলেন। জলস্প্রোত্ত তৎক্ষণাৎ সরু হইয়া, তীত্র বেগে, কলকল শব্দে কলসীতে প্রবেশ করিতে লাগিল, একবিন্দু জলও কলসী হইতে উপচিয়া পড়িল না। শঙ্করের অসাধারণ যোগ-শক্তি দর্শনে সকলে স্তম্ভিত হইলেন।

শান্ত্রপাঠ-কালে যেমন শুনিবামাত্র শিক্ষা শেষ হইত, সাধন বিষয়েও তেমনি গুরুর উপদেশ অনুসারে চেষ্টা করিবামাত্র শঙ্করের মন সমাধিমগ্ন হইতে লাগিল। গভীর হইতে গভীরতর সমাধির সোপানপরম্পরা অনায়াসে অতিক্রম করিয়া শঙ্কর নির্বিকল্প সমাধি লাভ করিলেন। তখন তিনি এমন এক বস্তু অনুভব করিলেন, যাহার আদি, মধ্য বা অস্তু নাই, স্তুতরাং তাহা ব্যতীত অন্য কিছুরই অনুভব হয় না। সেখানে কেবল এক অন্তহীন বাধাহীন নিরস্তর অনুভব। মন নাই, স্বতরাং অন্য কোনও বস্তুর শ্বৃতিও নাই। ভোগ করিবার কেহ নাই, তাই স্থখ নাই, ত্রখে নাই, কেবল এক অনস্ত শান্তি বিরাজমান; তাহা এক অখণ্ড সত্তা, এক বাধাহীন ভ্রান, এক অনির্বিচনীয় আননদ মাত্র।

দিব্য কর্ম্ম

শিষ্যের চরম সমাধি, পূর্ণ জ্ঞানলাভে গোবিন্দপাদের আনন্দের সীমা রহিল না। গত সহস্র বৎসর কালের করাল আক্রমণ হইতে যে মহারত্ন তিনি এত যত্নে হৃদয়ে পূরিয়া রক্ষা করিয়াছেন, তাহা আজ উপযুক্ত শিষ্যের হস্তে শস্ত করিয়া দায়মুক্ত হইলেন। যে দেব-কার্য্য সাধনের জন্ম শঙ্কর অবতীর্ণ তাঁহাকে সেই কার্য্যে উদ্বুদ্ধ করিতে গোবিন্দ এখন সংকল্প করিলেন।

শঙ্করের মনপ্রাণ সমাধি-সাগরে অনস্ত আনন্দ-রসে
নিমগ্ন ছিল, কিন্তু কি এক অজ্ঞাত অনির্বচনীয় আকর্ষণে
তাহা আবার মানব-লোকে 'ব্যুথিত' হইল। তথন তিনি
সমস্ত জগৎ মরীচিকার স্থায় মিথা বোধ করিতে লাগিলেন; প্রার সর্বজীব মায়ায় বদ্ধ হইয়া ব্থা কষ্ট
পাইতেছে, এই ভাবনায় তাঁহার হৃদয়ে এক করুণার
উচ্ছাস উথিত হইল।

যোগী গোবিন্দপাদ তাঁহাকে বলিলেন, "দ্বাপরের শেষে ব্রহ্মবিছা লোপ হইলে মহর্ষি কৃষ্ণদৈপায়ন তপস্থার দারা তাহার পুনক্ষদার করেন। সমগ্র বেদপাঠ করিয়া তাহার মর্ম্ম অবধারণ করা সাধারণ লোকের অসাধ্য দেখিয়া 'ব্রহ্মসূত্রে' তাহা তিনি সংক্ষেপে লিপিবদ্ধ করিয়া শিশ্যদিগকে শিক্ষা দেন। আমি গুরুপরম্পরাগত বেদের মর্ম্মার্থসহ সেই ব্রহ্মবিছা লাভ করি। বৌদ্ধ বিপ্লবের

পর বেদ উদ্ধারের জন্ম তুমি আবিভূতি হইলে, তোমাকে এই বিছা। প্রাদানের জন্ম আমি গুরু কর্তৃক আদিষ্ট হই। তাই সহত্র বংসর তোমার অপেক্ষায় আমি এই গুহার সমাধিমগ্ন ছিলাম। এখন তুমি ব্যাসের মতামুখারী একটি ভান্ম রচনা কর এবং বেদের মর্ম্মার্থসহ শিষ্যাদিগকে ব্রহ্মবিছা। শিক্ষা দিয়া তোমার জীবনের উদ্দেশ্য সফল কর।" এই বলিয়া তিনি নিজ শিষ্যগণের শিক্ষার ভার শঙ্করের হন্তে শুস্ত করিলেন এবং কাশীধামে গিয়া কার্য্য আরম্ভ করিতে উপদেশ দিয়া মহাসমাধি অবলম্বন করিলেন।

বৈদ্বিধর্মের প্রভাবে যেমন বৈদিক ধর্মা লুপু প্রায় হইয়াছিল, তেমনই তীর্থ সমূহও পরিত্যক্ত ও বিশ্বৃত হইয়াছিল। প্রবাদ আছে যে, কা<u>শীধা</u>ম না-কি তখন অরণ্যে পরিণ্ত হইয়াছিল। রাখালগণ তথায় গরু চরাইত। প্রবাদটি সম্পূর্ণ সত্য না হইলেও কাশীধামের অবস্থা যে তখন খুব খারাপ ছিল তাহাতে সন্দেহ নাই 1/

দিক্ষর গুরুজাতাগণে বেপ্তিত হইয়া কাশীধামে আসিয়া উপস্থিত হইলেন। ভিক্ষাদি সমাপনান্তে বালক শঙ্কর যখন বৃদ্ধ প্রোঢ় যুবক সন্ধ্যাসী সকলের মধ্যে বসিয়া পরেদান্ত ব্যাখ্যা করিতে লাগিলেন তখনকার অপূর্বব দৃশ্য দেখিয়া লোক সকল আশ্চর্যান্বিত হইল। এই সংবাদ

দিব্য কর্ম্ম

চারিদিকে রাষ্ট্র হইলে শঙ্করকে দেখিবার জন্ম দলে দলে লোক আসিতে লাগিল।

নির্বিকল্ল সমাধিযোগে নিগুণ ব্রক্ষের অমুভব করায় শঙ্কর বোধ করিতে লাগিলেন, এই জগৎ স্বপ্নদৃষ্ট নগরীর ভায় নিতান্ত অলীক, মরুমরীচিকার ভায় ভান্তি মাত্র: ইহা আপনা আপনি উচ্ছুসিত উদ্বেলিত এক জড় সমুদ্র, ইহাতে চৈতন্মের লেশ মাত্র নাই; ইহার কোন প্রয়োজন নাই, কোনও উদ্দেশ্য নাই: এই দেহ, এই মন, এই বুদ্ধি, এই অহঙ্কার, সবই ভ্রম, কঠোর বৈরাগ্য সহায়ে তাহাদের বন্ধন হইতে মুক্ত হইয়া নিগুণ ব্রহ্ম-সমুদ্রে লীন হওয়াই মানুষের শাস্তিলাভের একমাত্র উপায়। ভক্তি উপাসনার কথা তাঁহার মনে উঠিল না। চিত্ত সমাধি-সাগরে অবগাহন হইতে বিরত হইতে চাহিল না। কি এক অনির্বচনীয় কারণে চিৎ-সমুদ্রে অবিভার ছায়া পড়িয়া "আমি. আমি" বোধ আসিয়া উপস্থিত হইলে. একটা করুণার হিল্লোল উঠিতে না উঠিতে মিলাইয়া যাইতে লাগিল: জগৎ কল্যাণের ভাব মনে উঠিলেও কঠোর বৈরাগ্য আসিয়া তাহা গ্রাস করিয়া ফেলিল। কেবল ডিনি গুরুর আদেশ স্মরণে যন্ত্রবৎ শিষ্যদিগকে উপদেশ দিতে লাগিলেন, ইহাতে তাহার আগ্রহ, ক্রিটা ডিল না

30) - 200 ACC 22076 20) 201 2036

শঙ্করের এই উদাসীন ভাব দূর করিতে এবং তাঁহার চিত্তে জগৎ-কল্যাণের প্রবল আগ্রহ জাগাইতে কাশীগরী মাতা অন্নপূর্ণা এক বিচিত্র উপায়ে তাঁহাকে শক্তিতম্ব, সপ্তাণ ব্রশ্বাতম্ব বুঝাইয়া দিলেন।

একদিন শঙ্কর গঙ্গাস্থানে যাইবার সময় দেখিলেন, এক যুবতী, মৃত স্বামীকে পথের মধ্যস্থানে রাখিয়া তাহার সৎকারের জন্ম সাহায্য প্রার্থনা করিতেছে। গমনাগমনের অস্ত্রবিধা হইতেছে দেখিয়া শঙ্কর যুবতীকে শবদেহ এক-পাশে সরাইয়া লইতে বলিলেন।

यूवडी विलल, "উशां करे वल ना, वावा।"

যুবতীর বোকামিতে বিরক্ত হইয়া শঙ্কর বলিলেন, "এই শবদেহে কি নড়িবার শক্তি আছে ? ওটা সরাইয়া লও।"

যুবতী পূর্ববৰৎ গম্ভীর ভাবে বলিল, "শক্তিটুনা থাকিলে কি একটুও সরা যায় না ?"

শঙ্কর এই অস্তৃত উত্তরে আরও উত্যক্ত হইয়া বলি-লেন, "কি অসম্ভব কথা বলিতেছ ?"

যুবতী বলিল, "অসম্ভব কেন হবে, বাবা ? আদি অন্ত রহিত এই প্রকৃতি যদি শক্তিহীন চৈতগ্যহীন হইয়াও নড়িতে চড়িতে পারে তবে এতটুকু এই শবদেহ সরিতে পারিবে না কেন ?"

দিবা কর্ম্ম

শঙ্কর এই কথায় চমকিয়া উঠিলেন। তাঁহার মনে শাস্ত্রোক্ত সগুণ ব্রন্মের কথা যে মাঝে মাঝে উঠিত না তাহা নহে, কিন্তু নিগুণ ব্রহ্মানুভূতির ঝোঁকে এতকাল সেই বিষয়ে বড মনোযোগ দিতে পারেন নাই: অথবা শাস্ত্র-জ্ঞান হইতে অনুভব শ্রেষ্ঠ ভাবিয়া নিজে যাহা দেখিতেন তাহাই সত্য বলিয়া মনে করিতেন। তিনি এই চিন্তায় একটু তন্ময় হইলে সেই শব ও যুবতী অদৃশ্য হইল আর সহসা যেন তাঁহার নয়ন হইতে এক পদ্দা সরিয়া গেল। তিনি দেখিলেন, সেই নিগুণ ব্রহ্ম উদ্ধ অধঃ পরিপূর্ণ করিয়া এক বিরাট মূর্ত্তিতে গুণময় হইয়া বিরাজ-মান; এই অখিল ব্রহ্মাণ্ড তাঁহার দেহ; তিনি লীলার ছলে স্ঠি-স্থিতি-প্রলয়কার্য্যে রত; জলে স্থলে অনলে অনিলে তাঁহার শক্তি, তাঁহার কার্য্য প্রকাশমান। শঙ্করের হৃদয়ে সাগরোচ্ছাসের স্থায় এক ভক্তির উচ্ছাস উত্থিত হইল, শরীর কণ্টকিত হইল, ঝর ঝর করিয়া অশ্রুপাত হইতে লাগিল, অন্তরে বাহিরে আদ্যাশক্তিকে অনুভব করিয়া তিনি অস্ফুট স্বরে "মা" "মা" বলিয়া বাাকুল হইলেন। এই শব ও যুবতীর দৃশ্য তাঁহার হৃদয়ে নিগুণ নিজ্ঞিয় ব্রহ্ম ও সগুণা ক্রিয়াশীলা ব্রহ্মশক্তির ভাব স্থদৃঢ় মুদ্রিত করিয়া দিল।

শक्षत, গোবিন্দপাদের উপদেশে মির্বিকল্প সমাধি-

বোগে নিগুণ ব্রহ্ম বোধ করিয়াছিলেন। এখন মহামায়ার কুপায় সগুণ ব্রহ্মকে প্রত্যক্ষ করিলেন। জ্ঞানের পূর্ণ পরিণতিতে, পরিপক অবস্থায় যে সর্বত্র ব্রহ্মবোধ তাহা এখনও তাঁহার বাকী আছে। সহজ অবস্থায় এখনও ব্রাহ্মণ, চণ্ডাল, ত্যাজ্য গ্রাহ্মভাব তাঁহাকে পীড়িত করে। যিনি বেদ উদ্ধারের জন্ম অবতীর্ণ, তাঁহাকে জ্ঞানের চরমসীমায় যাইতে হইবে। তাই মহাদেব এবার স্বয়ং শঙ্করের শিক্ষার ব্যবস্থায় প্রবৃত্ত হইলেন।

একদিন গঙ্গাতীরে যাইবার পথে শঙ্কর এক চণ্ডালের সম্মুখীন হইলেন। চণ্ডাল চারিটি ককুর লইয়া মাতাল অবস্থায় পথ জুড়িয়া আসিতেছিল। কুকুর ও চণ্ডালের স্পর্শভয়ে সঙ্কুচিত হইয়া শঙ্কর পথের একপাশে সরিয়া দাঁড়াইয়া চণ্ডালকে পথ ছাড়িয়া দিতে বলিলেন। কিন্তু চণ্ডাল পূর্ববাৎ চলিতে চলিতে বেদান্তের উচ্চতত্ব বলিতে লাগিল। সে বলিল, "কে কাহাকে স্পর্শ করিবে? এক বই চুই বস্তু কোথায়? তুমি কাহার স্পর্শভয়ে সঙ্কুচিত হইতেছ? আত্মা ত কাহাকেও স্পর্শ করেন না, অন্যের দারা স্পৃষ্ট হইতে পারেন না।" চণ্ডালের মুথে এইরূপ জ্ঞানের কথা শুনিয়া শঙ্কর অবৈতবোধ ও তাঁহার ব্যবহারের অসক্ষতি লক্ষ্য করিয়া লজ্জিত হইলেন। তিনি শুকুজ্ঞানে চণ্ডালের চরণে প্রণত হইলে সে রজত-

দিবা কর্ম্ম

গিরিনিভ শ্বেতকায় সদাশিবের রূপ ধারণ করিল। শঙ্করের দৃষ্টি শিবের দিকে পতিত হইবামাত্র তিনি জগৎ শিবময় দেখিতে লাগিলেন। তিনি দেখিলেন, জগতের সবই চৈতন্তময়, জড় আর কিছুই নাই; যেমন কুণ্ডল বলয় প্রভৃতি এক স্বর্ণের দ্বারা নির্দ্মিত হয় তেমনি এক চৈতন্মের দ্বারা জগতের সব বস্তুই নির্ম্মিত: চারি-দিগের মন্দির সমূহ জীবন্ত হইয়া উঠিয়াছে, কাঠ পাথর, বৃক্ষ লতা, এমন কি ধূলিকণা পর্যান্ত আজ জ্ঞানময় হই-য়াছে; উর্দ্ধে আকাশ জুড়িয়া জ্ঞান ও চৈতন্য নিশ্ছিদ্র হইয়া রহিয়াছে, যে দিকে দৃষ্টি পড়ে সবই এক, নিজের দেহ মন বুদ্ধি এক চৈতত্যে গঠিত; একটু মাত্র অহ-ঙ্গারের আভাস থাকায় নানা বস্তুর আকার দেখাইতেছে. এই আমিটুকু এক নিমেষে লোপ হইয়া সব অমুভবের নির্ববাণ এখনই হইতে পারে। নিগুণ নিষ্ক্রিয় ব্রহ্মকে আবার এক নৃতন রূপে প্রত্যক্ষ করিয়া শঙ্কর আনন্দে আত্মহারা হইলেন। অনুভবের একটু বিরাম হইলে মহা-দেব শঙ্করকে .আশীর্ববাদ করিয়া ভাষ্য লিখিতে প্রবৃত্ত হইবার জন্ম আদেশ দিয়া অন্তর্ধ্যান হইলেন।

্রিথন শঙ্করের এক অন্তুত অবস্থা হইল। কখন নির্বিকল্প সমাধিতে একেবারে বাছজ্ঞানশৃন্য জড়বস্তর মত হইয়া যান, কখন বালকের মত "মা" "মা" বলিয়া

ভক্তিতে বিহ্নল হইয়া থাকেন, কখন বা সর্বত্র এক ব্রহ্ম বোধ করিয়া শুচি 'অশুচি বিচার ভুলিয়া যান, কখন কখন আমি বোধ লোপ হওয়াতে, পাগলের মত উদ্দেশ্যহীন কার্য্যে রত হন। গুরুত্রাতাগণ অতি যত্নে, অতি সাবধানে ভাঁহার সেবা করিতে লাগিলেন।

কয়েকদিন পরে এই সব অনুভবের একটু বিরাম হইতে লাগিল এবং তাঁহার একটু একটু আমি বোধ আসিল। সেই আমি সর্ববদাই সমাধি-সাগরে ভুবিতে ভাসিতে লাগিল। তাহাকেই বিদ্যার আমি বলে। সেই 'আমি'তে দয়া ব্যতীত আর কোনও রুত্তি থাকে না। সেই ঈশ্বরপ্রেরিত দয়ার্ত্তির বশে শঙ্কর কার্য্যে রত হইলেন। কিন্তু তাঁহার কোনও কার্য্যে অনুরাগ বা বিরাগ বোধ হইল না, বাসনার লেশমাত্র উদয় হইল না। তিনি তখন স্বার্থবাধহীন ভগবানের হাতের পুতুলমাত্র হইয়া পড়িলেন।

শঙ্করের উপদেশ শুনিবার জন্ম দলে দলে লোক আসিতে লাগিল। তিনিও গুরুত্রাতা ও আগন্তুক-গণকে অবিরাম শিক্ষা দিতে প্রবৃত্ত হইলেন। অনেকে তাঁহার শিষ্যত্ব গ্রহণ করিল। চিৎস্থ, আনন্দগিরি প্রভৃতি সংসারবিরক্ত যোগিগণ আসিয়া জুটিতে লাগি-লেন। একদিন অতি প্রিয়দর্শন এক ব্রাহ্মণ বালক

দিব্য কর্ম

আসিয়া শঙ্করের চরণে পতিত হইল। বালকের বিনয় ব্যবহার ও অপূর্বব মুখকান্তি অন্তরের নির্ম্মলভাব প্রকাশ করিতেছি তাহার নাম সনন্দন মহীশুরের দক্ষি-ণাংশে কাবেরী তটে চোল প্রদেশে তাহার জন্ম হয় সে শিশুকাল হইতে ভগবান লাভের জন্ম ব্যাকুল। এক পর্বতে সে বহুকাল একাকী থাকিয়া নৃসিংহদেবের আরাধনা করে। এক মহাপুরুষের কৃপায় তাহার ইফ-লাভ হয়। নৃসিংহদেব তাহাকে এই বর দেন যে, সে যখন স্মরণ করিবে তথনই তাঁহার দেখা পাইবে। কিন্ত ইহাতে তাহার শাস্তি হইল না। মন, বাসনা কামনায় চঞ্চল হইয়া তাহাকে পীড়িত করিতে লাগিল। নৃসিংহ-দেবের নিকট মনোবেদনা জানাইলে তিনি আদেশ कतिरलन, "मानवरक भाखि मिवात ज्ञा महारमव श्रवः" ধরাতলে অবতীর্ণ হইয়াছেন। তুমি তাহার আশ্রয় গ্রহণ কর।" তাই সনন্দন ব্যাকুল হইয়া খুঁজিতে খুঁজিতে শত শত ক্রোশ পথ অতিক্রম করিয়া কাশীতে আসিয়াছে। শঙ্কর তাহাকে শি্যারূপে গ্রহণ করিলে সে কায়মনোবাক্যে গুরুসেবা, শাস্ত্রপাঠ ও সাধনায় রত হইল।

শঙ্করের নিকট শুধু যে জিজ্ঞাস্থ ভক্তই আসিতেন তাহা নহে; শাস্ত্র বিচার করিতে—পণ্ডিতগণ, মতামত লইয়া তর্ক বিচার করিতে নানা সম্প্রদায়ের লোকও

আসিতেন। দার্দশ বৎসর বয়ক্ষ বালকের অসাধারণ পাণ্ডিত্য বাগ্মিতা ও অসীম জ্ঞান দর্শনে সকলেই স্তম্ভিত হইতেন। বালক তর্কে অজেয়, শান্ত্র ব্যাখ্যায় সরস্বতী ও জ্ঞান-গান্তীর্য্যে সাক্ষাৎ সদাশিব। তাঁহাকে মানুষ বলিয়া ধারণা হইত না। তাঁহার বদনমগুলে কি স্বর্গীয় বিভা, তাঁহার শিশুকণ্ঠের মধুরস্বরে কি মাধুর্য্য ও গান্তীর্য্যের সমাবেশ, তাঁহার প্রতি অক্সভঙ্গী ও চালচলনে সিংহসম তেজস্বিতার সহিত বালক-স্থলভ লালিত্যের সংমিশ্রন! প্রথম দর্শনেই গোরকান্তি বালকের মুখ্ঞী সকলের হৃদয়ে স্নেহ-রসের উদ্রেক করিত, তারপর তাঁহার অশেষ গুণাবলী প্রাণ-মন মোহিত করিয়া ফেলিত।

ভাষ্য রচনা

গুরুর এবং মহাদেবের আদেশ অনুসারে শঙ্কর ভাষা লিখিতে মনস্থ করিলেন। কিন্তু কাশীতে এত লোক-সমাগমের মধ্যে ভাষা লেখা অসম্ভব, তাই নিভ্তে শান্ত চিন্তা ও গ্রন্থ লিখিবার জন্ম তিনি শিষ্যগণসহ বদরিকাশ্রম চলিয়া গেলেন। সেখানে ব্রহ্মসূত্রের ভাষ্য ত লিখিলেনই, তাহা ছাড়া গীতা ও দশখানি উপনিষদেরও ভাষ্য লিখিরা তৎসমৃদ্য় শিশ্যদিগকে শিক্ষা দিলেন।

এই সব কার্য্যে তাঁহার প্রায় চারি বৎসর কার্টিয়া গেল।

দিবা কর্ম

পদ্মপাদ

শিশুদিগের মধ্যে সনন্দন সর্ববাপেক্ষা বেশী বুদ্ধিমান্
ও গুরুসেবায় তৎপর ছিল, ক্ষণকালের জন্মও গুরুর
সঙ্গ ত্যাগ করিত না। তাহার ফলে গুরুও তাহাকে
অনুগ্রহ করিতেন; তাই ভাশুগুলি সে অন্যাপেক্ষা
বেশী পাঠ করিবার ও তাহার মর্ম্ম ভালরূপে বুঝিয়া
লইবার স্থযোগ পাইয়াছিল। এই সব কারণে তাহার
গুরুজ্রাতাগণ তাহাকে সর্ব্যা করিতে লাগিলেন। শঙ্কর
তাহা বুঝিতে পারিয়া কৌশলে তাঁহাদের এই ভ্রম দূর
করিলেন।

একদিন কার্যা উপলক্ষে সনন্দন গঙ্গার অপর পারে গিয়াছে, এমন সময় শঙ্কর তাহাকে নাম ধরিয়া আহ্বান করিতে লাগিলেন। গুরুর কণ্ঠসরে সনন্দন এমনই তন্ময় হইয়া গেল যে, সন্মুখন্থ ভাগীরখীর কথা ভূলিয়া গিয়া সোজাসোজী গুরুর দিকে ছুটিয়া আসিতে লাগিল। গুরুর উলৈঃস্বরে, আহ্বান শুনিয়া উপন্থিত শিশ্য সকলের দৃষ্টি সনন্দনের দিকে আরুষ্ট হইয়াছিল। তাহারা দেখিলন, সনন্দনের প্রতি পদ-বিক্ষেপ-স্থলে নদীগর্ভ হইতে এক একটি পদ্ম ফুটিয়া উঠিয়া তাহার পদস্থাপনের স্থান করিয়া দিতেছে। সনন্দন তন্ময়ভাবে গুরুর চরণ

সমীপে আসিয়া উপস্থিত হইল। ঈর্ষ্যান্থিত শিশ্বগণ ইহা দেখিয়া সন্দনের প্রভাব বুঝিতে পারিয়া অস্তরে লজ্জিত হইলেন। শঙ্কর তদবধি তাহাকে পদ্মপাদ নামে অভিহিত করিলেন।

গুরুর আদেশ কার্য্যে পরিণত হইয়াছে। শক্ষরের আয়ুও নিঃশেষ প্রায়। যতদিন শুক্ষপত্রের স্থায় দেহ খসিয়া না পড়ে, ততদিন ধর্মপ্রচার করিয়া শিব-ক্ষেত্র বারাণসীধামে ব্রহ্মনির্বাণলাভ করিবার জন্ম তিনি বদরিকাশ্রম ত্যাগ করিলেন। শক্ষর কাশীতে আসিয়াছেন সংবাদ পাইয়া আবার লোকে ভিড় করিতে লাগিল। আবার তর্ক, বেদাস্ত-ব্যাখ্যা, পরাজয়, শিয়্যত্ব-গ্রহণ দিগুণ ভাবে চলিল।

বেদব্যাসের আদেশ

একদিন এক বৃদ্ধ ব্রাহ্মণ আসিয়া ব্রহ্মসূত্রের একটি
সূত্রের অর্থ সম্বন্ধে তর্ক করিতে লাগিলেন। বৃদ্ধকে
শঙ্করের হ্যায়ই মহাজ্ঞানী বলিয়া বোধ হইল। শিশু ও
বৃদ্ধের তর্ক ক্রমেই জমিয়া উঠিতে লাগিল। উভয়েরই
বিদ বেদাস্ত কণ্ঠস্থ, উভয়ের বৃদ্ধিই কুশাত্রের হ্যায় সূক্ষা।
তাঁহারা এমনই মাতিয়া গেলেন যে, নিত্যকর্ম্মের সময়
ব্যতীত অনবরত আট দিন ধরিয়া তর্কের স্রোত বহিয়া

দিব্য কর্ম

যাইতে লাগিল। পণ্ডিতগণ সেই অপূর্বব তর্কযুদ্ধ দেখি-বার জন্ম আগ্রহান্বিত চিত্তে স্থির হইয়া বসিয়া রহিলেন। ক্রমে তর্ক এমন সূক্ষম বিষয়ে উপস্থিত হইল যে, পণ্ডিত-গণের পক্ষেও তাহা চুর্বেবাধ্য হইয়া উঠিল।

পদ্মপাদের মনে এক ঘোর সন্দেহ জন্মিল যে. সামান্ত মান্তবের পক্ষে এই বুদ্ধ ব্রাহ্মণের ভায় বিদ্যাবৃদ্ধি সম্ভব নহে। এই বৃদ্ধ বয়সেও ইহার শান্ত্র চর্চ্চায় প্রবল উৎসাহ ও প্রথর স্মৃতিশক্তির বিন্দুমাত্র হ্রাস হয় নাই। তাঁহার যুক্তিগুলি শাণিত ও অকাট্য এবং কথায় কথায় কবিত্ব। সমস্ত জীবনই যেন তিনি বেদান্ত চৰ্চচা ও কাবা রচনায় নিযুক্ত থাকিয়া এই সব বিষয়ে অসীম অভিজ্ঞতা লাভ করিয়াছেন। ইনি ব্যাসদেব ছাড়া আর কে হইতে পারেন ? ইঁহার চাল-চলনে শঙ্করের মনেও এইরূপ সন্দেহ জন্মিয়াছিল। পদ্মপাদ তাঁহার নিকট মনোভাব প্রকাশ করিলে তাঁহার সন্দেহ দৃঢ় হইল। অফীম দিবসে শঙ্কর বিনীত ভাবে ব্রাহ্মণের পরিচয় জিজ্ঞাসা করিলেন। ব্যাসদেব আর আত্মগোপন করিতে পারিলেন না। আচার্যাদেব অতি আনন্দের সহিত তাঁহার স্তৃতি করিতে লাগিলেন। ব্যাসদেবও স্নেহরসে অভিষিক্ত হইয়া শঙ্করকে বহু আশীর্বাদ করিলেন। তিনি শঙ্কর লিখিত ভাষ্য সমূহ পাঠ করিয়া অতীব আনন্দিত হইলেন এবং বেদের

মর্ম্ম অতি মনোহর ও স্পষ্টরূপেই ব্যাখ্যাত হইয়াছে বলিয়া ভাষ্মের বহুল প্রশংসা করিলেন।

√ শঙ্করের জীবনের কার্য্য সমাপ্ত ও আয়ু নিঃশেষ হইয়াছে। আজ সোভাগ্য বশতঃ ব্যাসদেব ঘটনা ক্রমে উপস্থিত। শঙ্কর তাঁহার সমক্ষে মহাসমাধি অবলম্বন করিবার ইচ্ছা প্রকাশ করিলেন। শিস্তাগণ গুরুর অল্লায়ুর কথা যে জানিতেন না, তাহা নহে; তবু আজ এমন আনন্দের মধ্যে, এই নিদারুণ কথা শুনিয়া, তাঁহারা সকলেই, শোকার্ত হইয়া, অসহায় ভাবে, সজল নয়নে, ব্যাসদেবের দিকে চাহিয়া রহিলেন। ত্রিকালজ্ঞ ব্যাসদেব প্রসন্মভাবে বলিতে লাগিলেন, "বৎস শঙ্কর, তুমি বেদের মর্মার্থ গ্রন্থে লিপিবদ্ধ করিয়া শিশ্বদিগকে শিক্ষা দিয়াছ সত্য; কিন্তু ইহাতেই কি বেদ উদ্ধার হইয়াছে ? যদি তুমি ইহা প্রচার না কর, তাহা হইলে তোমার মত, অ্যাম্ম মতের স্থায়, এক সাম্প্রদায়িক মতবাদ মাত্র বলিয়া গণ্য হইয়া রহিবে। ভারতে কত শত ধর্ম্মত উদ্ভূত হইয়াছে। আমার ব্রহ্মসূত্রের কত অপব্যাখ্যা, কত কদর্থপূর্ণ ভাষ্য হইয়াছে। বেদের মত विलया कुछ व्यामानात मतल मामूरसत मर्ववनाम माधन করিতেছে। তুমি স্বয়ং ঐ সব মতবাদীদের সঙ্গে বিচার করিয়া তাহাদিগকে পরাস্ত করতঃ অদৈতবাদ যে সর্বেবাৎ-

দিবা কর্মা

কৃষ্ট ও ঋষিসম্মত তাহা স্থপ্রমাণিত না করিলে তোমার ভাষ্য নিক্ষল হইবে।

"কুমারিলের প্রাণপণ যত্নে নাস্তিক বৌদ্ধগণ কিয়ৎপরিমাণে নিরস্ত হইয়াছে বটে, কিন্তু এখনও তাহাদের
সংখ্যা সামান্য নহে। বিশেষতঃ তাহাদের মতের প্রভাব
এখনও প্রবল রহিয়াছে। কুমারিল কেবল মাত্র বেদের
কর্ম্মকাণ্ড প্রচার করিয়াছেন। জ্ঞানকাণ্ড ভালরূপে
প্রচারিত না হইলে, কর্ম্মকাণ্ড হইতে জ্ঞানকাণ্ডের শ্রেষ্ঠত্ব
প্রমাণ না করিলে এই ভীষণ ধর্ম্মগ্রানি দূর হইবে না।
এইজন্য তোমাকে সর্ববাগ্রে কুমারিল ভট্টকে পরাস্ত
করিতে হইবে।

"যদি বল, তোমার ধীমান্ শিশুগণ বিক্লন্ধবাদীদিগকে তর্কে পরাস্ত করিয়া অদৈতমত প্রচার করিতে সমর্থ, তবে তর্কে পরাজয় করাতেই কি ধর্ম প্রচার হয় ? অদৈতবাদ কি কেবল তর্কের দ্বারা প্রচার করা যায় এবং উৎকৃষ্ট মত রূপে তাহা কেবল স্বীকৃত হইলেই কি ধর্মারক্ষা হয় ? অদৈততত্ত্ব অনুভব করাইবার যে মহাশক্তি তোমার মধ্যে প্রকাশিত, তুমি সর্ববসাধারণে তাহা বিতরণ না করিলে মানুষ অদৈতে মত বুঝিবেই বা কিরূপে আর তাহা বুঝাইয়াই বা কি উপকার হইবে ?

"অতএব তুমি ব্রহ্মবিদ্যা প্রচার ও প্রদানের জন্ম

আর কিছুকাল মানবদেছে বর্ত্তমান থাক। আমি আশী-ব্বাদ করি, আরও যোল বৎসর তোমার আয়ু বদ্ধিত হুউক এবং তুমি সর্বত্র বিজয়ী হও।"

শঙ্করের অহংজ্ঞান মাত্র ছিল না, তাই নিজের কোনও প্রার্ত্তি বা অপ্রবৃত্তিও ছিল না। যেমন স্থিরচিতে তিনি দেহত্যাগ করিতে চাহিয়াছিলেন, ভগবান বেদব্যাসের আদেশও তেমনই স্থিরচিতে গ্রহণ করিলেন। ব্যাসদেব আশীর্বাদ করিয়া অন্তর্হিত হইলেন। শিশ্বগণ আনন্দে উৎফুল্ল হইয়া আচার্যাদেবের বিজয়লীলা দেখিবার জন্ম সমুৎস্থুখ হইয়া উঠিলেন।

চতুর্থ অধ্যায়

মণ্ডন-বিজয়

আচার্য্য শঙ্কর কুমারিলের সহিত বিচার করিবার জন্য সিশিয়া প্রয়াগধামে গিয়া উপস্থিত হইলেন। সেখানে পৌছিয়া জানিতে পারিলেন ভট্টপাদ কুমারিল গুরুহত্যা পাপের প্রায়শ্চিত্তের জন্য তুষানলে প্রাণ বিসর্জ্জন করিবার সংকল্প করিয়াছেন। আচার্যাদেব পরিতপদে ভট্টপাদের নিকট উপস্থিত হইয়া দেখিলেন, তিনি স্থিরভাবে এক জ্বলন্ত তুষের স্তর্পে বসিয়া আছেন; তাঁহার দেহ জ্বলিয়া যাইতেছে, প্রভাকরাদি শিয়গণ এই ভীষণ দৃশ্য দেখিয়া অশ্রুমাচন করিতেছেন।

শঙ্করের পরিচয় পাইয়া ভট্টপাদ আনন্দিত হইলেন।
তিনি শঙ্করের বিষয় সবিশেষ শুনিয়াছিলেন, এমন কি
তাঁহার ভায়ও পাঠ করিয়াছিলেন। তাঁহার বিশাস হইয়াছিল এই ভায় প্রচার হইলে চুফ্টমত সকল নিরস্ত হইবে
এবং বেদের মহিমা পূর্ণ গৌরবে পুনরুদ্ভাসিত হইবে।
শঙ্কর তাঁহার সহিত বিচারের অভিলাষ প্রকাশ করিলেন।
কিন্তু কুমারিল তাঁহার প্রায়শ্চিত্রের সংকল্প ভঙ্গ করিতে

সম্মত হইলেন না। তিনি শঙ্করকে বলিলেন যে, তাঁহার শিশ্য মণ্ডনমিশ্র তাঁহা অপেক্ষাও অধিক ধীমান! তাঁহাকে পরাস্ত করিলেই কুমারিলকে পরাস্ত করা হইবে। তখন শঙ্কর জিজ্ঞাসা করিলেন, "তাঁহাদের তর্কে মধ্যস্থ হইতে পারে এমন লোক কোথায় পাওয়া যাইতে পারে ?"

কুমারিল বলিলেন, "মগুনের পত্নী উভয়ভারতী সাক্ষাৎ সরস্বতীতুল্যা, তাঁহাকে মধ্যস্থ মানিলেই চলিবে।"

কুমারিলের নির্দ্দেশমত আচার্য্যদেব মণ্ডনের সঙ্গে বিচার করিতে মাহিম্মতী নগরে উপস্থিত হইলেন। মণ্ডনের গৃহে এত বেদবিভার চর্চা হইত যে, দাসদাসী পর্যান্ত সেই সব বিষয় লইয়া আলোচনা করিত। এমন কি গৃহপালিত শুকপক্ষী পর্যান্ত বেদবাক্য আর্ত্তি করিত। মণ্ডনের গৃহদ্বারে উপস্থিত হইয়া আচার্য্য দেখিলেন, দার রুদ্ধ, জিজ্ঞাসায় জানিলেন মণ্ডন পিতৃশ্রাদ্ধের আয়োজনে ব্যস্ত। শুভকার্য্যে অমঙ্গলজনক কিছু দেখি-বার ভয়ে তিনি দ্বার রুদ্ধ করিয়াছিলেন। সন্মাসীকেও তিনি অশুভ-দর্শন মনে করিতেন, কারণ সন্মাসী নিজের শ্রাদ্ধ করিয়া মৃতবৎ হইয়া যান, স্কুতরাং সন্মাসীর দেহ শ্ববঙ্ অমঙ্গলসূচক।

শক্ষর বোগশক্তিবলে শৃহ্যপথে একেবারে মণ্ডনের সম্মুখে গিয়া উপস্থিত হইলেন। রুদ্ধ-দার-গৃহ। সহসা

মণ্ডন-বিজয়

অসম্ভাবিতরূপে এই প্রকার সন্ন্যাসীর আবির্ভাব দেখিয়া মণ্ডন অত্যস্ত কুদ্ধ হইলেন। তখন উভয়ের মধ্যে যে কথা-বার্ত্তা হয় তাহা বড়ই আমোদজনক।

মণ্ডন—কোথা হইতে মুণ্ডি ? (হে মুণ্ডিত-শির সন্ধ্যাসী, কোথা হইতে আসিলে ?)

শঙ্কর—গলা হইতে। (আমি গলা হইতে মাথা পর্যান্ত মুড়াইয়া মুগুী হইয়াছি।)

ম—তা বই কি, শিখা সূত্রের ভার সহিল না, গাধার মত কন্থা বহন করিতেছ।

শ—রমণী-পোষণ-ভারবাহী-গর্দভদের ভারলাঘব করি-বার জন্মই আমি কন্থা বহন করিতেছি। 'বৈরাগ্য হওয়া মাত্র সন্ধ্যাস গ্রহণ করিবে,' 'শিখাসূত্র ত্যাগ করিবে,' 'অন্য আশ্রম ত্যাগ করিয়া সন্ধ্যাস-পূর্ববক আত্মতত্ত শ্রহণ করিবে,'—ইহাই বেদের মত।

ম—পত্নী-রক্ষণে অসমর্থ হইরা গৃহত্যাগ করিয়াছিলে। এখন শিশ্ব ও পুস্তকের ভার বহন করিয়া খুবই ব্রহ্মনিষ্ঠা দেখাইতেছ।

শ—আলস্থ বোধে গুরু-শুক্রাষা ত্যাগ করিয়া নারী-শুক্রাবা অবলম্বন করায় তোমারও কর্ম্মনিষ্ঠার বেশ প্রমাণ পাওয়া যাইতেছে।

ম—ধিক্ কৃতন্ন, মূর্থ! নারী-গর্ভে বাস, নারীর যজে লালিত পালিত হইয়া বারবার নারী-নিন্দা করিতেছ ?

শ—নারী-গর্ভে বাস ও স্তম্পান করিয়া তুমি নারীর সঙ্গে পশুবৎ ব্যবহার করিতেছ। তুমি কৃতত্ব মূর্থ, না আমি কৃতত্ব মূর্থ ?

ম—মূর্থ, দ্বিজাতি হইয়া অগ্নি-উপাসনা পরিত্যাগ করিয়াছ। তুমি ইন্দ্র-হত্যাকারী মহাপাপী।

শ—তুমি আত্মতত্ত্ব পরিত্যাগ করিয়া কর্ম্মকাণ্ডে আয়ু ক্ষয় করিতেছ। তুমি আত্মহত্যাকারী মহাপাপী।

ম—তুমি চোরের মত আমার গৃহে প্রবেশ করিয়াছ। তুমি চোর।

শ—তুমি গৃহস্থ, তোমার অন্নে সন্ন্যাসীর ভাগ আছে। সন্ন্যাসীর ভাগ চুরি করিবার জন্ম তুমি দারক্রদ্ধ করিয়া-ছিলে। তুমি চোর।

ম—কোথায় তোমার মত মূর্থ সন্ন্যাসী, আর কোথায় ব্রহ্ম-জ্ঞান! কোথায় সন্ন্যাস আর কোথায় কলিকাল! পরের অন্নে রসনা তৃপ্তির জন্ম যতি বেশে ঘুরিয়া ফিরিতেছ।

শ—কোথায় স্বর্গ, আর কোথায় তোমার স্থায় বিষয়াসক্ত লোক! কোথায় বৈদিক যাগয়জ্ঞ, আর কোথায় কলিকাল! ইন্দ্রিয়স্থ্যের লালসায় গৃহস্থ সাজিয়া তুমি ভণ্ডামি করিতেছ।

মণ্ডন-বিজয়

মণ্ডন চুইজন মহাপণ্ডিত ব্রাহ্মণকে শ্রাদ্ধকার্য্যে পৌর-হিত্য করিবার জন্ম নিমন্ত্রণ করিয়া আনিয়াছিলেন। তাঁহারা স্থিরচিত্তে এই তর্ক-বিতর্ক শ্রাবণ করিতেছিলেন। তাঁহারা দেখিলেন, মণ্ডন ক্রন্ধ হইয়া কথা বলিতেছেন, কিন্ত সন্ন্যাসী প্রশান্তভাবে সরস উত্তর দিয়া তাঁহাকে নিরস্ত করিতেছেন; ইঁহার বাক্য বেদসম্মত যুক্তিপূর্ণ। ইনি সামান্ত মান্ত্রষ নহেন, এই বিবেচনায় তাঁহারা মণ্ডনকে ক্রোধ পরিত্যাগ করিতে উপদেশ দিয়া বলিলেন, "ইনি বেদজ্ঞ, জিতেন্দ্রিয় যতি। আজ শ্রাদ্ধ-বাসরে ইহাকে কোথায় সাদর অভ্যর্থনা করিবে, না তুমি ইহার প্রতি রূচ বাক্য প্রয়োগ করিতেছ। আজ বিনীতভাবে ইহাকে নিমন্ত্রণ করাই তোমার কর্ত্তব্য।" পুরোহিতগণের বাক্যে মণ্ডন শাস্ত হইলেন এবং অগ্ন তাঁহার গুহে ভিক্ষা গ্রহণ করিবার জন্ম যথারীতি শঙ্করকে নিমন্ত্রণ করিলেন। শঙ্কর বলিলেন, "আমি তর্ক-ভিক্ষা করিতে আপনার নিকট উপস্থিত। অন্য ভিক্ষায় আমার প্রয়োজন নাই। 'যে পরাজিত হইবে সে জেতার শিষ্যুত্ব ও আশ্রম গ্রহণ করিবে,' এই পণে আমি তর্ক করিতে চাই। আমি প্রতিজ্ঞা করিতেছি, পরাস্ত হইলে আমি দণ্ড কমণ্ডলু ত্যাগ করিয়া শিখাসূত্র গ্রহণ করতঃ আপনার শিষ্য হইব। আপনি পরাজিত হইলে আমার শিষ্যুত্ব গ্রহণ করিয়া সন্ন্যাসী

হইবেন, এই পণে আমাকে তর্ক ভিক্ষা দিন। অথবা আমার নিকট পরাজয় স্বীকার করতঃ আমার মত গ্রহণ করুন।"

তরুণ-সন্ন্যাসীর ঈদৃশ দম্ভপূর্ণ বাক্য শ্রবণে মণ্ডন প্রথমতঃ একটু আশ্চর্যান্বিত হইলেন। তিনি ভারত-বিজয়ী কুমারিলের প্রধান শিশ্ব। তাঁহার সম্মুখে বেদ-বিতা সম্বন্ধে এইরূপ দম্ভ করিতে পারে এমন লোক আছে বলিয়া তাঁহার বিশ্বাস ছিল না। বিশেষতঃ এই প্রকার একটি বালক ভাঁছাকে ভর্ক-যুদ্ধে আহ্বান করিতেছে। বালকের বদনে এমন এক অসামাম্য প্রতিভা-দীপ্তি যে. তাহার বাক্য অসার বলিয়া উড়াইয়াও দেওয়া যায় না। বিশেষতঃ মহাজ্ঞানী পুরোহিতন্তম ইহাকে বেদজ বলিয়া স্বীকার করিলেন। কাজে ক্লাজেই মণ্ডনমিশ্র অতি দন্তের সহিত শঙ্করের প্রস্তাবামুঘায়ী পণে তর্ক করিতে সম্মত হইলেন। তিনি পুরোহিতদ্বয়কে মধ্যস্থ হইতে অমুরোধ করিলেন, কিন্তু তাঁহারা এই প্রস্তাবে সম্মত না হইয়া বলিলেন যে, মণ্ডন-পত্নী উভয়ভারতীই এই কার্য্যের সম্পূর্ণ উপযুক্তা। ভট্টপাদও আচার্য্যদেবকে পূর্বেবই উভয়ভারতীর কথা বলিয়া ছিলেন। স্থুতরাং উভয় পক্ষ উভয়ভারতীকে মধ্যস্থ স্বীকার করিলেন। স্থির হইল, পরদিন প্রাত:কালে তর্ক আরম্ভ হইবে। মণ্ডনের বিনীত অমুরোধে শঙ্কর তাঁহার গৃহে ভিক্ষা গ্রহণ করিলেন।

মণ্ডন-বিজয়

উভয়ভারতী উভয়শঙ্কটে পড়িলেন। মগুনের পক্ষেমত দিলে লোকে তাঁহাকে স্বভাবতঃ স্থামী-পক্ষপাতিনী বলিবে; আবার স্থামীর পরাজয়ই বা কিরূপে ব্যক্ত করিবেন ? এইরূপ ভাবিয়া চিন্তিয়া তিনি এক কোশল স্থির করিলেন,—তিনি প্রত্যহ হুইগাছি ফুলের মালা উভয়ের কপ্তে পরাইয়া দিবেন, যিনি নিজপক্ষের হুর্বলতা অমুভব করিয়া বাস্ত, উত্তেজিত হইবেন, তাঁহার শরীরে নিশ্চয়ই তাপর্দ্ধি হইবে। তাহাতে তাঁহার গলার মালা অগ্রেমান দেখাইবে। এইরূপে অনায়াসে জয় পরাজয় নির্ণীত হইবে।

পরদিন প্রভাতে বিচার আরম্ভ হইল। উভয়ভারতী তুই জনের গলায় তুই গাছি মালা পরাইয়া দিলেন। শঙ্করের মতে—"এক ব্রহ্ম ব্যতীত দ্বিতীয় বস্তু নাই, মায়ার ভিতর দিয়া দেখাতে লোকে তাঁহাকে নানারূপে দেখিতে পায়; ব্রক্ষের বিষয় শুনিতে শুনিতে ও ভাবিতে ভাবিতে যখন ভ্রম দূর হইবে, তখন জানিবে—একমাত্র নিশ্চিত্র নিরন্তর ব্রহ্মই আছেন, আর কিছুই নাই; এই জ্ঞানে জীবের মুক্তি; ইহাই জীবনের উদ্দেশ্য; সমগ্র বেদের ইহাই মর্ম্ম।"

মগুনের মতে বেদের মর্ম্ম এই যে,—"বৈদিক মন্ত্রের দার। যাগযজ্ঞ করিয়া স্বর্গ প্রাপ্তিতেই জীবের মুক্তি; ইহাই

জীবনের উদ্দেশ্য।" এখন যুক্তি এবং বেদবাক্যের দারা অন্যের মত খণ্ডন করিয়া নিজ মত স্থাপন করিতে হইবে। উভয়েই অদ্ভূত প্রতিজ্ঞাবলে, যেন অখণ্ডনীয় যুক্তি-জালে প্রতিপক্ষের মতকে আর্ড করিলেন, আবার উভয়েই চিন্তাতীত যুক্তিপূর্ণ হেতু প্রদর্শন করিয়া প্রতিপক্ষের যুক্তি-জাল ছিন্ন করিয়া নিজ মতের উৎকর্ষ প্রদর্শন করিলেন। চারিদিক হইতে শত শত পণ্ডিত আসিয়া সেই অপূর্বব তর্ক শ্রবণ করিতে লাগিলেন। এইরূপে যোল দিন গত হইল। মণ্ডন দেখিলেন, তাঁহার পক্ষের যুক্তি ক্রমেই নিঃশেষ হইয়া আসিতেছে। সপ্তদশ দিবসে তাঁহার আর বলিবার কিছুই রহিল না। লঙ্জায় ক্লোভে তাঁহার শরীর শীর্ণ, মুখ বিবর্ণ হইল, গলার মালা শুকাইয়া গেল, তিনি দিবা-প্রদীপের তায় নিস্তেজ হইয়া রহিলেন। উভয়-ভারতীও শঙ্করের পক্ষ সমর্থন করিলেন। পণ্ডিতমণ্ডলী এই যোড়শবর্ষীয় বালকের ধীশক্তির বিষয় ভাবিয়া চমৎকৃত হইলেন এবং মণ্ডনের পরিণাম দেখিবার জন্ম উদগ্রীক হইয়া রহিলেন।

পূর্বব প্রতিজ্ঞা অনুসারে এখন মণ্ডনকে সন্ধ্যাস গ্রহণ করিতে হইবে। কিন্তু উভয়-ভারতী এক আপত্তি উত্থাপন করিলেন। তিনি বৈলিলেন, "স্ত্রী পুরুষের অর্দ্ধাঙ্গ। আপনি আমার স্থামীকে পরাস্ত করিয়াছেন, কিন্তু এখনও

মণ্ডন-বিজয়

আমাকে পরাস্ত করিতে পারেন নাই। স্ক্তরাং আপনার জয় এখনও সম্পূর্ণ হয় নাই। এখন আমি পূর্ববপক্ষ অবলম্বন করিব, আপনি আমার সঙ্গে বিচার করুন।"— এই বলিয়া তিনি কামশাস্ত্র সম্বন্ধে কয়েকটি প্রশ্ন উত্থাপন করিলেন।

আচার্যাদেব শিশুকালেই সন্ন্যাস গ্রহণ করেন।
ত্রীলোক সম্বন্ধে তাঁহার কোনও জ্ঞানই ছিল না।
সন্ম্যাসীর পক্ষে স্ত্রী-চরিত্র সম্বন্ধীয় শাস্ত্র পাঠ, এমন কি সেই
বিষয়ে আলোচনাও নিষিদ্ধ। এই অবস্থায় এই সব
প্রশ্নের উত্তর দেওয়া তাঁহার পক্ষে অসম্ভব। আবার, যে
মহৎকার্য্যে তিনি নিযুক্ত মগুনমিশ্রের স্থায় লোকের
সহায়তা তাহাতে বিশেষ প্রয়োজন এবং এই কার্য্যের
প্রথমেই একটা বিফলতা ঘটিতে দেওয়া সঙ্গত নহে।
অতএব কোনও কৌশলে উভয়ভারতীকে নিরস্ত করিতে
হইবে। কোনও গৃহস্থের দেহে প্রবিষ্ট হইয়া প্রশ্নগুলির
উত্তর লিখিয়া ইহাকে প্রদান করিবেন,—এই অভিপ্রায়ে
শঙ্কর উভয়ভারতীর নিকট হইতে একমাস সময় লইলেন।

পরকায় প্রবেশ

আচার্যাদেব যোগশক্তি বলে শৃয়ে উঠিয়া কোনও গৃহত্বের মৃতদেহের সন্ধান করিতে করিতে দেখিলেন,

অমরুক নামক রাজা মৃগয়া করিতে গিয়া হঠাৎ মৃত্যুমুখে পতিত হইয়াছেন, আত্মীয়গণ তাঁহার মৃতদেহের চারিপাশে বসিয়া রোদন করিতেছে। আরক্ধ দেব-কার্য্য সাধনের জ্বন্য এই রাজদেহেই প্রবেশ কর্ত্তব্য ভাবিয়া শঙ্কর সত্মর ভূতলে অবতীর্ণ হইলেন। তিনি নিজদেহ হইতে বহির্গত হইয়া রাজদেহে প্রবেশ করিলে তাঁহার দেহ কিরূপ সাবধানে ও যত্মে রক্ষা করিতে হইবে সেই বিষয়ে শিয়্যুগণকে উপদেশ দিয়া, এক অতি নির্জ্জন প্রদেশে গিরিগুহায় সমাধি অবলম্বন করিলেন। শিয়্যুগণ অতি সাবধানে ও প্রাণপণ য়ত্মে গুরুর দেহ রক্ষায় নিযুক্ত হইলেন।

শঙ্কর প্রবেশ করায় রাজদেহে ধীরে ধীরে জীবনের লক্ষণ প্রকাশ পাইতে লাগিল। আত্মীয়গণ আশান্বিত হইয়া শুশ্রুষা করিতে লাগিল। দেখিতে দেখিতে রাজা নিদ্রা হইতে উত্থিতের স্থায় নয়ন উন্মালন করিলেন। রাজা মৃত্যুমুখ হইতে রক্ষা পাওয়ায় আত্মীয় অমাত্য সৈম্থ-সামস্তগণ অতি উল্লাসের সহিত রাজার সঙ্গে রাজধানীতে প্রত্যাবর্ত্তন করিল।

সর্বজ্ঞ ভগবান্ শঙ্করাচার্য্য রাজা হইয়াছেন। তিনি অতি উৎকৃষ্ট বিধি-বিধান দারা অল্প কয়েক দিবস মধ্যেই রাজ্যের অনেক উন্নতিসাধন করিলেন। রাজার বিচার-শক্তি, পাণ্ডিত্য ও গাস্ভীর্য্য দেখিয়া মন্ত্রিগণ আশ্চর্যান্থিত

মণ্ডন-বিজয়

হইলেন। রাজার আত্মীয়গণ তাঁহার পূর্বব প্রকৃতির অসম্ভব পরিবর্ত্তন লক্ষ্য করিলেন। তাঁহাদের বুঝিতে বাকী রহিল না যে, কোনও যোগী পুরুষ কোনও কার্য্য-সিদ্ধির জন্ম রাজার দেহে প্রবেশ করিয়াছেন।

মন্ত্রিগণ পরামর্শ করিয়া স্থির করিলেন যে, যোগী যদি পূর্বব দেহ কোথায়ও গোপনে রক্ষা করিয়া থাকেন তবে তাহা সন্ধান করিয়া দগ্ধ করিতে পারিলে তাঁহাকে বহুদিন এই রাজদেহেই থাকিতে হইবে। তাহাতে রাজ্যের মহা উপকার হইবে। কিন্তু রাজার অজ্ঞাতে এই কার্য্য করিতে হইবে। কোনও মৃতদেহ কোথাও রক্ষিত আছে কিনা গোপনে সন্ধান করিতে এবং তাহা পাওয়া মাত্র দগ্ধ করিতে হইবে। এই উদ্দেশ্যে তাঁহারা অনেক কর্ম্মচারী গোপনে নিযুক্ত করিলেন।

একমাস পূর্ণ হইতে চলিল, এখনও গুরুদেব নিজ দেহে ফিরিতেছেন না দেখিয়া শিশ্বগণ বড়ই ভীত হইলেন। পূর্ববকালে এক যোগী এইরূপে এক রাজদেহে প্রবেশ করিয়া ভোগে মত্ত হইয়াছিলেন, অবশেষে এক শিশ্ব অতি কফে তাঁহার চৈতশ্য সম্পাদন করেন। আবার যেন সেই ঘটনা না ঘটে, এই ভাবিয়া পদ্মপাদ কয়েকজন স্কৃষ্ঠ গুরুজাতাসহ সংগীত-ব্যবসায়ী সাজিয়া অমক্রক রাজের সভায় গেলেন এবং সংস্কৃত ভাষায় বৈরাগ্যপূর্ণ গান গাহিয়া

রাজার পূর্ববস্থৃতি জাগরুক করিতে চেফ্টা করিলেন।
শঙ্কর শিষ্মগণকে চিনিতে পারিলেন এবং সম্মাপ্ত
ন্ত্রী-চরিত্র সম্বন্ধীয় গ্রন্থখানা পদ্মপাদের হস্তে দিয়া বলিলেন,
"আমি আসিতেছি।"

রাজভূত্যগণ খুঁজিতে খুঁজিতে গুহামধ্যে রক্ষিত
শক্ষরের দেহের সন্ধান পাইল। তাহারা শিশ্যগণের
নিকট হইতে দেহ কাড়িয়া লইয়া পোড়াইয়া ফেলিবার
জন্ম চিতা সাজাইয়া তাহাতে অগ্নিসংযোগ করিল। এই
সময় শক্ষর রাজদেহ পরিত্যাগ করিয়া নিজদেহে প্রবেশ
করিলেন। যোগী সহসা নড়িতেছেন দেখিয়া ভূত্যগণ ভয়ে
পলায়ন করিল। শক্ষর চিতাশযা হইতে উঠিয়া আসিয়া
শিশ্যগণের সঙ্গে মিলিত হইলেন।

সনিয় আচার্যাদেব মাহিম্মতী নগরে আসিয়া দেখিলেন, মণ্ডনের বৈরাগা উপস্থিত; তিনি ব্রহ্মবিছালাভের জন্ম, মৃক্তি লাভের জন্ম বাকুল। উভয়ভারতী আচার্যাদেবের গ্রন্থে তাঁহার প্রশ্নের উত্তর পাইয়া সম্বন্ধ ইইলেন এবং স্বামীর সন্ন্যাস নিশ্চিত জানিয়া সমাধি অবলম্বনে দেহ ত্যাগ করিলেন। মণ্ডন সন্ন্যাস গ্রহণ করিলেন, তাঁহার নাম হইল স্বরেশ্বর।

পঞ্চম অধ্যায়

দিশ্বিজয়

মণ্ডনের স্থায় মহাপণ্ডিত এক বালক-সন্নাসীর নিকট পরাজিত, এমন কি তাঁহার শিষ্যত্ব গ্রহণ করত: সন্ন্যাসী হইয়া তাঁহার সঙ্গে চলিয়া গিয়াছেন, এই সংবাদ কেবল মাহিমতীনগরে আবদ্ধ রহিল না। শঙ্করও এক নগর হইতে আর এক নগরে গিয়া অদৈতমত প্রচার করিতে লাগিলেন। তিনি নগরে পৌছিবার পূর্বেই তাঁহার সম্বন্ধে নানাপ্রকার সত্য মিথ্যা সংবাদ নগরবাসিগণ শুনিতে থাকিত এবং তাঁহার অন্তুত ক্রিয়াকলাপ দেখিবার জন্ম ব্যগ্র হইয়া উঠিত। এই অল্ল বয়সে শান্ত্রজ্ঞান, বাগ্মিতা, বিচারশক্তি এবং সর্বেবাপরি চরিত্রের মাধুর্য্যে তিনি লোককে আশাতিরিক্ত মোহিত করিতেন। তাঁহার শিয়-সংখ্যা ক্রমেই বাড়িতে লাগিল। লোক এমনই আকৃষ্ট হইল যে, তিনি যেখানেই যাইতে লাগিলেন শত শত লোক তাঁহার সঙ্গে সঙ্গে চলিল। কোনও স্থানে তিনি উপস্থিত হইলে সে স্থানে যেন মেলা বসিত ও এক স্থানন্দের হিল্লোল উঠিত। নানামতাবলম্বিগণ তর্কবিতর্ক

করিয়া যখন অধৈতমত গ্রহণ করিত তখন তাহাদের প্রাণে এক অপূর্বব শাস্তি আসিত, শঙ্করকে তাহারা প্রাণের দেবতা ভাবিয়া তাঁহার চরণে আত্মসমর্পণ করিত।

আচার্যাদেব প্রচার করিলেন, "সর্ববিধ ছঃখতাপের হাত হইতে চিরমুক্তি লাভই ধর্ম্মের উদ্দেশ্য। অব্যাহত, অচিন্তা, জ্ঞান ও পূর্ণ শান্তিম্বরূপ এক্মের সঙ্গে সম্পূর্ণ-রূপে মিশিয়া না গেলে ছঃখতাপ দূর হইতে পারে না। শাস্ত্রে বিশেষ অধিকারীর জন্ম যে উপাসনা, সাধনা, যাগ-যজ্ঞ প্রভৃতি ধর্মকার্য্যের নির্দেশ আছে, তাহার উদ্দেশ্য— ঐ পূর্ণশান্তিময় অবৈত অবস্থা লাভ করা। কেহ যদি সাধনা করিয়া কোনও দেবতাকে লাভ করে, তবে তাহাতে তাহার বাসনা কামনা দূর হয় না। তবে অবৈত এক্মকে লক্ষ্য করিয়া বৌদ্ধ, শাক্ত, বৈষ্ণব প্রভৃতি সাধকগণ বদি ঋষিপ্রদর্শিত প্রণালীতে ইফ্টচিন্তা করেন, তবে চরমে তাহাদের মৃক্তি হয়।

নানাবিধ ধর্মসম্প্রদায়ের লোক তাঁহার সঙ্গে বিচার করিয়া নিজের ভ্রম বুঝিতে পারিল। তখন তিনি কুপাদ্ধি বা স্পর্শের দ্বারা তাহাদিগকে অদৈত-তত্ত্ব বোধ করিবার শক্তি প্রদান করিলেন। তাহারা তৎক্ষণাৎ্ তাঁহার মতের বথার্থতা বুঝিতে পারিল। যাহাদের চিত্ত-শুদ্ধ ছিল, তাহারা শক্তি পাওয়া মাত্র সমাধিত্ব হইয়া

দিখিজয়

অধৈততত্ত্ব প্রত্যক্ষ অমুভব করিল। জিজ্ঞাস্থ পিপাস্থ বহুলোক ধর্ম্মের জন্ম ব্যাকুল ছিল; তাহারা তাঁহার পাদস্পর্শে ইফ্ট বস্তুর সন্ধান পাইল। তিনি ধর্ম্ম-ব্যাখ্যা ও বিচারের দারা কুমত কদাচার দূর করিলেন এবং অধ্যাত্মশক্তি প্রদান করিয়া মামুষের মনে স্থপ্ত ধর্ম্মভাব জাগ্রত করিতে লাগিলেন।

উগ্রহৈরব

শঙ্কর শীশেল নামক স্থানে ধর্মপ্রচার করিতে গেলে সকলেই তাঁহার মত গ্রহণ করিল; এমন কি, উপ্রতৈরব নামক জনৈক কাপালিক নিজমত ত্যাগ করিয়া তাঁহার শিশুত্ব গ্রহণ করিল। কাপালিকগণ বড় ভ্যানক লোক ছিল। তখনকার দিনে দেশে তাহাদের খুব প্রভাব; লোকের অনিষ্ট করিবার নানারূপ "সিদ্ধাই"-ই তাহার কারণ। তাহাদের দলে লোক সংখ্যাও কম ছিল না। মামুষের মাথার খুলিতে তাহাদের আহার, মত্যপান সবই চলিত। সন্ম্যাসীর কমগুলুর ত্যায় একখানা 'নরকপাল' সর্ববদা ইছাদের সঙ্গে থাকিত বলিয়া তাহাদিগকে লোকে কাপালিক বলিত।

কাপালিক সেবা শুশ্রুষা করিয়া সর্ববদা আচার্যদেবের নিকট থাকিবার স্থবিধা করিয়া লইল। একদিন তাঁছাকে একাকী পাইয়া সে বলিল, "আমি অলোকিক শক্তি

লাভের জন্ম বহুদিন ভৈরবের আরাধনা করিয়াছিলাম, কিন্তু কোনও যোগী বা রাজার দেহ বলি দিতে না পারায় ভৈরবকে প্রসন্ধ করিতে পারি নাই। সেই সিদ্ধি লাভের জন্ম আমার মন সতত ব্যাকুল। অদৈত মত খুব উৎকৃষ্ট বটে কিন্তু আমি কিছুতেই সিদ্ধির কথা ভুলিতে পারিতেছি না। আপনি মহাযোগী, এই জগতে আপনার কিছুরই প্রয়োজন নাই, আপনি ব্রহ্মজ্ঞানে পূর্ণকাম হইয়াছেন। যদি শিয়ের মঙ্গলের জন্ম আপনার নিম্পাপ দেহটি বলি প্রদান করেন, তবে আমার মহা উপকার হয়। দিটীই ক্রের স্বর্গরাজ্য লাভের জন্ম দেহপ্রদান করিয়া অক্ষয়-কীর্ত্তি রাখিয়াছেন; শিয়ের মহাণক্তি লাভের জন্ম দেহ দিলে আপনারও সেইরূপ অক্ষয়কীর্ত্তি লাভ হইবে।"

শঙ্করের কোনও স্বার্থ-বৃদ্ধিই ছিল না। তিনি ভগবানের যন্ত্রস্থরূপ কার্য্য করিয়া যাইতেন। তাঁহার মন সর্বদা ব্রহ্মভাবে তন্মর হইয়া থাকিত। অন্য কোনও বিষয়ে ভাবনা চিন্তা না করায় তাঁহার স্বভাব ঠিক শিশুর ন্যায় ছিল; যে যাহা বলিত তাহাই বিশাস করিতেন। ভগবানের প্রেরণায় দেহমন ধর্মপ্রচার কার্য্যে রত হইত; ইহাতে তাঁহার নিজের কোনও কর্ত্ত্ব ও সংকল্প ছিল না। কাপালিকের প্রস্তাবে তিনি কোনও আপত্তির কারণ দেখিলেন না। তবে শিশ্বগণ হয়ত এই প্রস্তাবে সন্মত

দি খিজয়

হইবে না। তথন উভয়ে পরামর্শ করিয়া স্থির করিলেন, নিকটবর্ত্তী কোনও নিবিড় অরণ্যে ভৈরব-পূজার আয়োজন করিয়া নির্দ্দিষ্ট দিনে তাঁহাকে ইঙ্গিত করিলে তিনি গোপনে তথায় গিয়া শিষ্মের অভিলাষ পূর্ণ করিবেন।

পরবর্তী অমাবস্থা রাত্রে নিকটবর্তী কোনও অরণ্যে কাপালিক ভৈরব-পূজার আয়োজন করিল। মধ্যরাত্রে শিশ্যগণ সকলে নিজ নিজ আসনে নিদ্রিত হইলে শঙ্কর ধীরে ধীরে উঠিয়া কাপালিকের ইঙ্গিত অমুসারে পূজা স্থানে গিয়া উপস্থিত হইলেন। কাপালিক মহানন্দে ভৈরবপূজা ও বলি সম্বন্ধীয় ক্রিয়ায় রত হইল। শঙ্করের কাছে এই জগৎ তুত্হ, দেহ একটা ভ্রম মাত্র; সমাধিতে আনন্দ-সাগরে মন লীন হইয়া গেলে দেহের স্মৃতি পর্যান্ত থাকে না। তিনি সম্বর্ধ অভীষ্ট কার্য্য সমাধা করিতে কাপালিককে আদেশ দিয়া যোগাসনে উপবিষ্ট হইলেন।

পদ্মপাদ গুরুর নিকটে নিজ আসনে নিদ্রিত ছিলেন।
তিনি স্বপ্নে দেখিলেন, এক কাপালিক গুরুকে হত্যা
করিতেছে। অমনি জাগরিত হইয়া আসনে গুরুদেবকে
দেখিতে না পাইয়া অধীরভাবে গুরুজাতাদিগকে
জানাইলেন। তাঁহারা সকলে ছুটাছুটি করিয়া চারিদিকে
সন্ধান করিয়া গুরুদেবকে দেখিতে পাইলেন না। পদ্মপাদ
আতঙ্কে ব্যাকুল হইয়া নৃসিংহদেবকে স্মরণ করিলে তিনি

পদ্মপাদের দেহে আবির্ভূত হইলেন। পদ্মপাদের অবয়ব ভীষণ-দর্শন হইয়া উঠিল। তিনি গর্জ্জন করিতে করিতে কাপালিকের পূজা-স্থানের দিকে ধাবিত হইলেন। শিশ্তগণ কি এক অজ্ঞাত বিপৎপাতের সম্ভাবনায় পদ্মপাদের পশ্চাতে ছুটিতে লাগিলেন। পদ্মপাদ সকলকে পশ্চাতে ফেলিয়া ক্ষণকাল মধ্যে পূজাস্থানে উপস্থিত হইলেন। তখন কাপালিক সিন্দুর-লিপ্ত খড়গহস্তে সমাধিস্থ ভগবান শঙ্করের মস্তক ছেদন করিতে উছত। পদ্মপাদের ভীষণ মূর্ত্তি দেখিয়া সে শিহরিয়া উঠিয়া খড়গ তুলিল, কিন্তু চক্ষের নিমিষে পদ্মপাদ খড়গ কাড়িয়া লইয়া ভাহারই শিরশ্চেদ করিলেন এবং ভীষণ গর্জ্জনে বনস্থল কাঁপাইয়া তুলিলেন। শিশুগণ পশ্চাৎ পশ্চাৎ দৌড়িয়া গিয়া এই দৃশ্যে কেহ ভয়ে মূর্চ্ছিত হইলেন, কেহ বা কাঁপিতে লাগিলেন, কেহ স্তম্ভিত হইয়া রহিলেন। গোলমালে শঙ্করের সমাধি ভঙ্গ হইল। তিনি পদ্মপাদের দেহে নৃসিংহদেবকে আবি-র্ভ দেখিয়া তাঁহার স্তব করিতে লাগিলেন। নৃসিংহদেব প্রসন্ন হইয়া পদ্মপাদের দেহ ত্যাগ করিলেন। তিনি মূর্চিছত হইয়া পড়িলেন। গুরুজাতাদের শুশ্রুষায় তাঁহার চৈত্য ছইল। দয়াময় আচার্যাদেব কাপালিক-বধে বড়ই ব্যথিত হুইয়া পদ্মপাদকে অমুযোগ করিতে লাগিলেন। কিন্তু পদ্মপাদ তাহাতে বিন্দুমাত্র অপ্রতিভ না হইয়া বলিতে

দিগ্রিজয

লাগিলেন, "গুরুহত্যার উন্নত ব্যক্তিকে বধ করিয়া আমি শতবার নরকে যাইতে প্রস্তুত আছি। আপনার দেহের দারা জগতের সহস্র সহস্র লোকের পরমকল্যাণ সম্ভব। এই দেহ রক্ষার জন্ম আমার একজন্মের নরক ভোগ ত সামান্ম কথা।" পদ্মপাদের এই প্রকার ভক্তিপূর্ণ বাকো এবং তাঁহার দৈবশক্তিতে সকলের মনে অসীম শ্রামার উদ্রেক হইল। আজ এই বিপদ হইতে উদ্ধার পাওয়ায় তাঁহাদের কত আনন্দ! যাঁহারা পূর্কেব পদ্মপাদের প্রতি স্বর্ষাধিত ছিলেন আজিকার ঘটনায় তাঁহারা অস্তরে অত্যন্ত লক্ষ্যিত ছিলেন আজিকার ঘটনায় তাঁহারা অস্তরে অত্যন্ত লক্ষ্যিত হুলেন।

হস্তামলক

শ্রীবেলীনামক স্থানে প্রায় ছুই সহন্র ব্রাহ্মণ বাস করিতেন। তাঁহারা নিষ্ঠার সহিত যাগযজ্ঞে রত ছিলেন এবং বেদাদি শান্ত আলোচনায় জীবন যাপন করিতেন। বহুশান্ত্রজ্ঞ ও যাগযজ্ঞ-পরায়ণ প্রভাকর নামে জনৈক ব্রাহ্মণ তথায় বাস করিতেন। ধনধান্তের অভাব ছিল না কিন্তু তাঁহার একমাত্র ছেলে মূক ও বধির। ছেলেটির বয়স তের বৎস। সে দেখিতে খুব স্থা আহার মুখমণ্ডল জ্যোতির্দ্ময়, কিন্তু তাহার জ্ঞানবুদ্ধির কোনও পরিচয় পাওয়া যায় না। ক্ষুধাতৃষ্ণা, ঘ্রণালক্জা, দ্বেষহিংসা, এমন কি শীতগ্রীম্ম বোধ তাহার আছে কিনা বুঝা যাইত না। খাইতে

দিলে কখন খায়, কখন খায় না। সমবয়য় ছেলের।
কত অত্যাচার করে, তাহাতে সে কোনও সাড়া দেয়
না। মুখ সর্বদা প্রসন্ধ, দেখিলে 'হাবা' বলিয়া মনে
হয় না। ব্রাক্ষণ ভাবিলেন, হয় ত কোন উপদেবতার
'ভর' ইহার উপর আছে। তাই তিনি কত তল্তমন্ত্র,
য়াগয়য়ভর, য়াড়য়ুঁক্ করিলেন, কিছুতেই ছেলের স্বভাবের
উনিশ-বিশ হইল না।

শঙ্কর সেখানে ধর্মপ্রচারের জন্য উপস্থিত হইলে প্রভাকর তাঁহার পুত্রকে লইয়া শঙ্করের নিকট উপস্থিত হইলেন। তিনি পুত্রকে শঙ্করের চরণে প্রণাম করাইলেন। বালক চরণে পড়িয়া রহিল দেখিয়া শঙ্কর স্বয়ং হস্তদ্বারা তাহাকে তুলিলেন। বালণ তখন পুত্রের অবস্থা তাঁহাকে জানাইয়া তাহাকে স্বস্থ করিয়া দিবার জন্য মিনতি করিতে লাগিলেন। শঙ্কর বালককে জিজ্ঞাসা করিলেন, "বালক তুমি কে এবং কেনই বা এরূপ অবস্থায় আছ ?" আশ্চর্যোর বিষয় বালক মধুরকণ্ঠে সংস্কৃত শ্লোকে, অতি জ্ঞানপূর্ণ ভাষায় এমন ভাবে আত্মপরিচয় দিল যে, সকলেই তাহাকে ব্রক্ষজ্ঞানী বলিয়া বুঝিতে পারিলেন। শঙ্কর বাক্ষণকে বলিলেন, "এ ছেলেটি পূর্ব্ব সংস্কার-গুণে ব্রক্ষজ্ঞানী; নতুবা যে কখনও অধ্যয়ন করে নাই, সে আজ এমন ভাবে এই সব

দিখিজয়

অপূর্বব শ্লোক আর্তি করিল কিরূপে ? ইহার সংসারে আসক্তি নাই, দেহে আপন বোধ নাই। ইহাকে লইয়া তুমি কি করিবে ? ছেলেটি আমাকে দাও।" ব্রাহ্মণ দেখিলেন, 'ঠিক কথা ছেলেটি আমার নিকট থাকিয়া স্থ্যী হইতে পারিতেছে না; আমিও তাহাকে লইয়া স্থ্যী নই। এই মহাত্মার নিকট থাকিলে ছেলে ভালই থাকিবে।' এই ভাবিয়া তিনি ছেলেটি শঙ্করকে প্রদান করিলেন। ব্রহ্মজ্ঞান হস্তস্থিত আমলকী ফলের ত্যায় ইহার সম্পূর্ণ প্রত্যক্ষ হইয়াছে বলিয়া ইহাকে শঙ্কর 'হস্তামলক' নামে অভিহিত করিলেন।

একদিন নানাপ্রসঙ্গ উপলক্ষে আচার্যাদেব হস্তামলকের
পূর্বব বিবরণ শিস্তাদের নিকট বলিলেন। একদা
প্রভাকরের পত্নী ছুই বৎসর বয়স্ক একটি পুত্রকে
সঙ্গে লইয়া যমুনাতে স্নান করিতে গিয়াছিলেন।
যমুনাতীরে এক যোগী বাস করিতেন। ব্রাহ্মণী
তাহার শিশুপুত্রকে সেই সাধুর নিকটে বসাইয়া
নদীতে স্নান্থ গমন করেন। কিয়ৎক্ষণ পরে যোগী
একটু অভ্যমনস্ক হইলেন, আর বালকটি খেলা করিতে
করিতে জলে পড়িয়া গেল। তৎক্ষণাৎ তাহাকে
জল হইতে তুলা হইল কিন্তু শিশু আর বাঁচিল না।
ব্রাহ্মণী বড়ই আর্ত্তনাদ করিতে লাগিলেন। যোগীর

হাদয় করুণায় গিলয়া গেল; তাঁহারই অসাবধানতায়
ব্রাহ্মণী পুত্রহীনা হইলেন। তিনি যোগবলে নিজদেহ
পরিত্যাগ করিয়া সেই তুই বৎসরের শিশুর দেহে
প্রবেশ করিলেন। ব্রাহ্মণী পুত্র লইয়া গৃহে ফিরিলেন
কিন্তু লজ্জায় ও ভয়ে এই ঘটনা কাহারও নিকট
প্রকাশ করিলেন না। যোগীও যাহাতে সংসার-বন্ধনে
না পড়েন সেই জন্ম, বহিজগৎ সম্বন্ধে সম্পূর্ণ ঔদাসীন্য
অবলম্বন করিয়া রহিলেন।

ভোটকাচাৰ্য্য

তুঙ্গভদ্রাতীরে শৃঙ্গগিরি নামে একটি অতি পবিত্র স্থান আছে। সেখানে অতি প্রাচীনকালে ঋয়ৢশৃঙ্গ নামক মুনির আশ্রম ছিল। এই স্থান সাধনার খুব অনুকৃল জানিয়া শঙ্কর তথায় এক মঠ নির্মাণ করাইলেন। মঠের অধিষ্ঠাত্রী দেবীস্বরূপে তথায় সরস্বতীদেবীর এক মূর্ত্তি প্রতিষ্ঠিতা হইল। শঙ্করের প্রার্থনায় দেবী "বহুজন-হিতায়, বহুজন-স্থখায়" চিরকাল, সেই মূর্ত্তিতে অধিষ্ঠিতা থাকিতে স্বীকৃতা হইলেন। তখন আচার্যাদেবের শিষ্য সংখ্যা অনেক। শান্ত্রপাঠ ও সাধনার দ্বারা আদর্শ অনুষায়ী জীবন যাপন করিতে সূমর্থ করিবার জন্ম তাহাদিগকে লইয়া তিনি কিছুকাল সেই মঠে বাস করিতে লাগিলেন।

দি খিজয়

একদিন গিরিনামক একজন শাস্ত-শিষ্ট অল্পভাষী ব্রাহ্মণ আসিয়া শঙ্করের শিষ্যুত্ব গ্রহণ করিলেন। আসিয়াই তিনি গুরুসেবার সমৃদয় ভার নিজ ক্ষন্ধে লইয়া গুরুভ্রাতাদিগকে সাধন-ভজন ও অধ্যয়নের অবসর দিলেন। গুরুর দস্ত-কাষ্ঠ প্রভৃতি আবশ্যকীয় দ্রব্য সংগ্রহ, তাঁহার আসন রচনা, স্মানের সময় বস্ত্রাদি বহন, পরিত্যক্ত বস্ত্র ধৌত করিয়া গুষ্ককরণ প্রভৃতি কার্য্যে সর্ব্রদা গিরি নিযুক্ত থাকিতেন। তাঁহার মুখে কথাটি ছিল না, ছায়ার ভ্রায় গুরুর সঙ্গে সঙ্গে থাকিতেন; যেন গুরু-সেবার জন্মই তাঁহার জীবন। কিন্তু শান্ত্রপাঠে তাঁহার তেমন অমুরাগ দেখা যাইত না।

তথন শঙ্কর-শিখ্যগণ শান্ত্রচর্চা ও সাধনায় মনপ্রাণ নিয়োজিত করিয়াছেন। মঠে জ্ঞানচর্চচা ও জপধ্যানের যেন এক প্রবল স্রোত বহিয়া যাইতেছে। কিন্তু গিরি এই সব বিষয়ে উদাসীন, তিনি গুরুর সেবা লইয়াই ব্যস্ত। তাই গুরুজাতাগণ তাঁহাকে একটু অবজ্ঞার চক্ষেই দেখিতেন। 'গিরি মূর্থ, ও আর কি করিবে? শরীর খাটাইয়া গুরুর যৎসামান্ত সেবা করা ব্যতীত তাহার আর কি করণীয় আছে?'—এইরূপ ছিল তাঁহাদের মনের ভাব। একদিন শিখ্যগণ বেদাস্ত-পাঠের

জন্ম প্রস্তুত হইলে শঙ্কর বলিলেন, "তোমরা একটু অপেক্ষা কর, গিরি কাপড় ধুইতে নদীতে গিয়াছে, সে আসিলে পাঠ আরম্ভ হইবে।" কেহ কেহ ইহাতে ভারী বিরক্ত হইলেন, পূলপাদ মুখ ফুটিয়াই গিরির সম্বন্ধে অবজ্ঞা প্রকাশ করিলেন। আচার্যাদেবের প্রাণে ইহাতে ব্যথা লাগিল। গুরুভক্তি, গুরুসেবা জ্ঞানলাভের একমাত্র উপায়: ইঁহারা বেদবেদাঙ্গ পারদর্শী তপস্বী হইয়াও অহঙ্কারে এমন অন্ধ হইয়াছেন যে. গুরুসেবাকে অবজ্ঞা করিতেছেন। আচার্য্যদেব শিষ্যগণের কথায় মনোযোগ না দিয়া স্থির হইয়া রহিলেন এবং মনে মনে গিরিকে ব্রহ্মবিছা প্রদান করিলেন। গিরি, নদী হইতে কাপড় ধুইয়া আসিতেছিলেন। সহসা চোখের উপর হইতে যেন এক পর্দ্দা সরিয়া গেল, আর তিনি সমস্ত জগৎ চৈতন্যময় অথবা নিজেকে সমস্ত ব্রহ্মাণ্ড-বাাপী এক অখণ্ড চৈতন্য বলিয়া বোধ করিতে লাগিলেন। ক্ষণকালের মধ্যে তিনি সর্ববশাস্ত্রের সার অবগত হইলেন। তাঁহার বদনমণ্ডল ব্রহ্মতেজে বিভাময় হইয়া উঠিল। তিনি আচার্যাচরণ সমীপে উপস্থিত হইয়া তোটকছনেদ বেদান্তের সারমর্ম-প্রকাশক কতক-গুলি শ্লোক মুখে মুখে রচনা করিয়া আরুত্তি করিতে नाशितन। शुक्रजाजाशं व्यवाक इरेतन, जाहारमञ

দিখিজয়

দর্প চূর্ণ হইল। তদবধি গুরুসেবা-পরায়ণ গিরির নাম হইল তোটকাচার্য্য।

এখন লীলার সহায় অস্তরঙ্গ শিশ্বগণ সকলেই আসিয়া জুটিয়াছেন। পদ্মপাদ, স্পর্নেশ্বর, হস্তামলক, তোটকাঁচার্য্য, সমিৎপাণি, চিদ্বিলাস, জ্ঞানকন্দ, বিষ্ণু-গুপ্ত, শুদ্ধকীর্ত্তি, ভানুমরীচি, ক্লফদর্শন, বৃদ্ধিবিরিঞ্চি, পাদশুদ্ধান্ত, আনন্দিগিরি প্রভৃতি যোগী, জ্ঞানী, ভক্তন, পণ্ডিত, স্থলেখক, বাগ্মী গুরুগতপ্রাণ শিশ্বগণ অগ্নিমত্তে দীক্ষিত হইয়া গুরুর-কার্য্যসাধনের জন্ম জীবন পণ করিয়াছেন। তাঁহারা সাধনা করিয়া ব্রহ্মানন্দ অন্তুভব করিলেন এবং সর্ববশান্ত্র-পারদর্শী হইয়া অহৈতমতামুকূল বহু গ্রন্থ লিখিলেন। আচার্যাদেব নিজভান্যে বহু বিরুদ্ধ মত খণ্ডন করিতে গিয়া সাধারণের স্থব্বোধ্য জটিল শাস্ত্রীয় তর্কযুক্তির অবতারণা করিয়াছিলেন। শিশ্বগণ সেই ভাষ্যের নানারূপ সরল টীকা লিখিলেন।

এই সময় পদ্মপাদের মনে তীর্থ ভ্রমনের আকাজ্জা জাগিয়া উঠিল। আচার্যাদেব তীর্থ ভ্রমণের নানা দোষের কথা বলিয়া তাঁহাকে নিবারণ করিলেন; কিন্তু তিনি প্রবোধ মানিলেন না। অবশেষে তাঁহার অতিশয় আগ্রহ দেখিয়া তাঁহাকে যাইতে অনুমতি দিলেন। কয়েক দিবস পরে একদিন আচার্যাদেব মুখে

মাতৃত্বশ্বের স্বাদ পাইয়া বুঝিতে পাইলেন যে, তাঁহার মাতা তাঁহাকে স্মুরণ করিয়াছেন। শিখ্যদিগকে মঠে রাখিয়া তিনি আঁকাশ-মার্গে সত্বর মায়ের নিকট উপস্থিত হইয়া দেখিলেন, মায়ের মৃত্যুকাল উপস্থিত। মাতা দশ বার বৎসর পর পুত্রমুখ দেখিয়া অত্যন্ত আনন্দিত হইলেন। শঙ্কর সাক্ষাৎ ভগবতীজ্ঞানে মায়ের সেবা করিতে লাগিলেন। মায়ের সকল তুঃখ দূর হইল। কয়েকদিন পরে, তাঁহার মৃত্যুসময় উপস্থিত হইলে, পূর্বের প্রতিজ্ঞা অমুসারে, শঙ্কর তাঁহাকে শিবরূপ প্রদর্শন করাইলেন। কিন্তু মাতা বিষ্ণুকে ইফ্ট বলিয়া চিস্তা করিতেন স্থতরাং এখন তাঁহাকে দেখিতে চাহিলেন। শঙ্করের প্রার্থনায় বিষ্ণু আসিয়া দেখা দিলেন, বিশিষ্টা-দেবী সেই মূর্ত্তি দর্শন করিতে করিতে বৈকুঠে প্রস্থান করিলেন।

শক্ষর জ্ঞাতিগণকে মায়ের সৎকারে সাহায্য করিতে বলিলে তাহারা, সাহায্য করা দূরের কথা, শক্ষরকে নানা কটুকথা বলিতে লাগিল, তাহার মায়ের অনেক নিন্দা করিল। তাহারা ভাবিল, 'তিনি অল্প বয়সে না ব্ঝিয়া সয়্যাসী হইয়াছিলেন, এখন সংসারী হইবেন; যে সব সম্পত্তি তাহারা এখন ভোগ করিতেছে, সব কাড়িয়া লইবেন।' শক্ষর জ্ঞাতিগণের ব্যবহারে ব্যথিত

দিখিজয়

হইলেন, বিশেষতঃ মাতৃনিন্দায় তাহাদের উপর ক্রুদ্ধ হইলেন। তিনি একাকী গৃহের প্রাঙ্গণেই মায়ের মৃতদেহের সৎকার করিলেন এবং জ্ঞাতিগণকে দণ্ড দিবার জন্ম তিনটি অভিশাপ প্রদান করিলেন। অভিশাপগুলি এই:—

- (১) ^প তাহার। গৃহ-প্রাঙ্গণে মৃতদেহের সৎকার করিবে।
 - (২) কোনও যতি তাহাদের অন্নগ্রহণ করিবে না।
 - (৩) তাহারা বেদবহিভূতি হইবে।

জ্ঞাতিগণের তথনও চৈত্য হইল না। তাহারা ভাবিল, এই বালকের অভিশাপ কে শুনিতে যাইবে ? শক্ষর দেশে আসিয়াছেন শুনিয়া শত শত লোক তাঁহাকে দেখিতে, তাঁহার চরণধূলি লইতে আসিল। রাজাও এই সংবাদ অবগত হইলেন। জ্ঞাতিগণের অসম্বাবহারের কথাও তাঁহার অজ্ঞাত রহিল না। তিনি বড় লজ্জিত হইলেন যে, শক্ষরের মত মহাপুরুষ তাঁহার রাজ্যে আসিয়া অপমানিত হইয়াছেন। শক্ষরের সহিত সাক্ষাৎ করিয়া তাঁহার জ্ঞাতিগণকে তিনি দণ্ড দিতে চাহিলেন। শক্ষর বলিলেন, "আমি ইহাদিগকে তিনটি অভিশাপ দিয়াছি। আপনি দেখিবেন যেন উহারা তাঁহা মানিয়া চলে।" তখন তাঁহার জ্ঞাতিগণের

চমক ভাঙ্গিল। এই সংবাদ পাইয়া তাহারা ভয়ে শঙ্করের চরণে আসিয়া পতিত হইল। তাহাদের কাকুতি-মিনতিতে শঙ্করের মনে দয়া হইল; তিনি তাহাদিগকে বেদপাঠের অধিকার দিয়া তৃতীয় অভিশাপটি মোচন করিলেন। এখনও নাকি কালাডিগ্রামের ব্রাহ্মণগণ অপর তুইটি অভিশাপ মানিয়া চলেন।

শঙ্কর কেরল দেশে ভ্রমণ করিয়া দেশের সামাজিক উন্নতির জন্ম নানা সদাচার প্রবর্ত্তন করিতে লাগিলেন। গুরুগত প্রাণ শিশ্বগণও আসিয়া গুরুর সঙ্গে মিলিত হইলেন। করল দেশের প্রচার কার্য্য শেষ করিয়া তিনি পদ্মপাদের অপেক্ষা করিতে লাগিলেন।

পদ্মপাদের তীর্থ ভ্রমণের ফল

পদ্মপাদ গুরুর নিকট হইতে বিদায় লইয়া উত্তরভারতের তীর্থ সমূহ দর্শনাস্তে দক্ষিণাপথে আসিলেন।
তথাকার তীর্থ সমূহ দর্শন করিতে করিতে তিনি
রামেশরের পথে শ্রীরঙ্গমে উপস্থিত হইলেন। সেখানে
তাঁহার মাতুলবাড়া ছিল। তুই একদিন বিশ্রাম
করিবার জন্ম তিনি মাতুলের গৃহে অতিথি হইলেন।
তাঁহার লিখিত শঙ্করভান্মের টীকা-গ্রন্থখানি তাঁহার সঙ্গে
ছিল। তাঁহার মাতুল সেই গ্রন্থখানি পাঠ করিলেন।
তিনি ছিলেন প্রভাকরের শিন্তা, কুমারিলের মতাবলম্বী।

ভাগিনেয়ের গ্রন্থে তাঁহাদের সম্প্রদায়ের মত সম্পূর্ণরূপে খণ্ডিত দেখিয়া তিনি ঈর্ষায় জ্বলিয়া গেলেন। কিন্তু মনের ভাব গোপন করিয়া গ্রন্থের খুব প্রাশংসা করিলেন।

🗸 সাম্প্রদায়িকতা মানুষের ধর্মত নষ্ট করেই, পরস্তু তাহাকে কখন কখন পশুরও অধম করিয়া তুলে। নিজ মতের বিরোধী টীকা-গ্রন্থের অস্তিত্ব পদ্মপাদাচার্যোর भाजूरलत रुपरा रालात गाय राम विक रहेशा तरिल। তাঁহার মনে হইল এই গ্রন্থ নফী করিতে না পারিলে যেন তাঁহার জীবনই বিফল। সম্বর এক স্লুযোগও উপস্থিত হইল। পদ্মপাদ স্থির করিলেন, রামেশর দর্শন করিয়া আবার শ্রীরঙ্গমে ফিরিয়া আসিবেন এবং তথা হইতে গিয়া গুরুর সঙ্গে মিলিত হইবেন। মাতুল বলিলেন, পুস্তক-থানি সঙ্গে সঙ্গে বহিয়া লাভ কি ? এখানে রাখিয়া গেলেই ত চলে। পদ্মপাদ মাতৃলের প্রস্তাবে সম্মত হইলেন। মাতৃল এবার গ্রন্থখানা হাতে পাইয়া বড়ই হৃষ্ট হইলেন। পদ্মপাদ চলিয়া গেলে মাতুল গ্রন্থানি নষ্ট করিবার উপায় চিন্তা করিতে লাগিলেন। লোকের চক্ষে ধূলি দিতে হইবে, বিশেষতঃ তেজস্বী তপস্বী ভাগি-নেয়কে কি বলিয়া ভুলাইবেন, এই সব সাত পাঁচ ভাবিয়া অবশেষে ঈর্ষায় উন্মন্ত হইয়া গ্রন্থের অন্তিত্ব লোপ করার

জন্ম নিজের ঘরে আগুন দিলেন। ঘরখানা যথন জ্বিয়া উঠিল তখন কৃত্রিম শোকে আর্দ্তনাদ করিয়া তিনি গ্রাম-বাসীদিগকে সাহায্যের জন্ম আহ্বান করিতে লাগিলেন।

পদ্মপাদ রামেশ্বর দর্শন করিয়া ফিরিলে মাতুল গ্রন্থের জন্ম বড়ই অনুশোচনা করিতে লাগিলেন। পদ্মপাদ বলিলেন, "এই গ্রন্থের জন্ম আপনি শোক করিবেন না। আমি অনায়াসে আবার সেই গ্রন্থখানি রচনা করিতে পারিব।" এই কথা শুনিয়া মাতুল বড়ই ভীত হইলেন। হায়! বেচারী যে-শক্র সংহার করিতে নিজের ঘরে আগুন দিল, তাহার মূল যে রহিয়া গিয়াছে ? এবার তিনি মূল উৎপাটনের জন্ম পদ্মপাদের খাছের সঙ্গে এক প্রকার বিষ মাখাইয়া দিলেন। তাহাতে তাঁহার মস্তিক এমন তুর্বল হইয়া পড়িল যে, আর পুস্তক লিখিবার শক্তিরহিল না। গুরুর উপদেশ ছাড়িয়া নিজের বৃদ্ধির অনুসরণ করিবার এই প্রকার ফল হইল দেখিয়া পদ্মপাদ বড়ই লচ্ছিত ও মন্মাহত হইলেন।

তিনি নিষ্প্রভ ও অতি বিমর্ষ হইয়া কৈরল দেশে গুরুর নিকট উপস্থিত হইলেন। ত্রিকালজ্ঞ আচার্যাদেব শিশ্তের চুর্দ্দশায় ব্যথিত হইলেন। পদ্মপাদ তাঁহার টীকা-গ্রন্থ গুরুদেবকে একবার পড়িয়া শুনাইয়াছিলেন। শ্রুতিধর আচার্যাদেবের তাহা কণ্ঠস্থ ছিল। পদ্মপাদ ইহা জানিতে

পারিয়া আনন্দের সহিত গুরুর নিকট হইতে গ্রন্থখানি আবার লিখিয়া লইলেন।

শঙ্করের অদ্ভুত শ্বৃতিশক্তি সম্বন্ধে আর একটি গল্প আছে। কেরলরাজ তিনখানি নাটক লিখিয়াছিলেন। শঙ্কর সন্ধ্যাসী হইবার পূর্বেব, শিশুকালে, রাজা গ্রন্থগুলি তাঁহাকে পড়িয়া শুনাইয়াছিলেন। এখন রাজার সহিত্ত সাক্ষাৎ হইলে শঙ্কর সেই সব গ্রন্থের বিষয় জিজ্ঞাসা করিয়া জানিলেন তাহা নফ্ট হইয়া গিয়াছে। শঙ্করের কিন্তু সবই কণ্ঠস্থ রহিয়াছে। রাজা নাকি তাঁহার নিক্ট হইতে নাটকঞালি লিখাইয়া লইয়াছিলেন।

অদ্বৈত সত্য

সৈতৃবন্ধ রামেশরের নিকট মধ্যার্চ্ছন নামক স্থানে এক প্রসিদ্ধ শিবমন্দির ছিল। শঙ্কর সশিশু তথার গিরা মন্দিরের প্রাক্তনে আসন বিস্তার করিলেন এবং বেদের সার অবৈত মত ব্যাখ্যা করিতে লাগিলেন। দেশের পণ্ডিত, জ্ঞানী, শিক্ষিত, অশিক্ষিত সর্ববসাধারণ সকলেই উপদেশ শুনিতে আসিলেন। তাঁহার পাণ্ডিত্য, বাগ্মিতার, অপূর্বব মুখ্ঞীতে সকলে শ্রদ্ধান্থিত, প্রীত ও মোহিত ইইলেন।

বাল্যকাল হইতে মানুষ যে প্রকার চিস্তা অভ্যাস করে অধিক বয়সে তাহার পরিবর্ত্তন করিতে বড় কষ্ট

হয়। অধিকাংশ লোকই তাহা পারে না। বিশেষতঃ সামাত্য মামুষ নিজকে সমস্ত জগদ্বেক্ষাগুবাাপী চৈতভাময় সত্তা ভাবিতে বড় ভয় পায়, ইহা অসম্ভব মনে করে, আর ভাবে তাহার এত স্থথের এত ছোট, 'আমি'টা ছাড়িয়া দিলেই সব গেল; যদি সবই ব্রহ্ম, তবে ত রূপ-রস-গন্ধ-স্পর্শ-শব্দ সবই লোপ পাইবে, তবে আর কি লইয়া থাকিব, এই ভাবিয়া মামুষ চারি দিক অন্ধকার দেখে।

শঙ্কর অকাট্য যুক্তি ও সর্ববশান্তের সমর্থন বাক্য দেখাইয়া সকলের বুদ্ধিকে অদৈতমুখী করিলেন। তথাপি বৃদ্ধগণের হৃদয় সন্দেহ-দোলায় তুলিতে লাগিল। কিন্তু এই ব্রহ্ম জ্যোতির্ময় জ্বলস্ত অনলসম সন্ন্যাসী যুবকের সম্মুখে জোরে শ্বাস ফেলিতেও ভয় হয়, কথা বলা ত দুরের কথা। অবশেষে এক বৃদ্ধ ব্রাহ্মণ সাহসে ভর করিয়া দাঁড়াইয়া উঠিয়া বলিতে লাগিলেন, "হে মহাত্মন! আপনার অসাধারণ বিভা বৃদ্ধি ও বাগ্মিতায় আমরা অবাক হইয়াছি। কিন্তু বিদ্যাবুদ্ধি ও বাগ্মিতায় ধর্ম নির্ণয় হয় না। যাহার বুদ্ধি বেশী সে সব বিষয়েই তাহার মতের অমুকূল যুক্তি দিতে পারে, এমন কি সত্যকে মিথ্যা, মিথ্যাকে সত্য করিতেও মানুষের ক্ষমতা আছে। হয়ত আপনা হইতে অধিক বুদ্ধিমান কেহ আজ উপস্থিত থাকিলে, সে আপনার মত খণ্ডন করিতে পারিত।

তাই আপনার কথায় আমাদের হৃদয়ের সন্দেহ সম্পূর্ণ
দূর হইতেছে না। আপনি মহাযোগী সিদ্ধ পুরুষ।
ভগবান অবশ্যই আপনার কথা শুনেন। যদি এই মন্দিরস্থিত ভবানীপতি আপনার আহ্বানে আমাদের সাক্ষাতে
প্রেকটিত হইয়া নিজ মুখে আপনার মতের সত্যতা স্বীকার
করেন তবে আমাদের সকল সন্দেহ দূর হয়।"

সভাস্থ সকলে ব্রাহ্মণের বুদ্ধিমত্তায় চমৎকৃত হইলেন, তাঁহার বাক্য সমর্থন করিলেন এবং শঙ্কর কি উত্তর দেন
—শুনিবার জন্ম উদ্গ্রীব হইয়া তাঁহার মুখপানে চাহিয়া রহিলেন। শঙ্কর বলিলেন, "আমি বিশ্বনাথের ইচ্ছায় এই কার্য্যে প্রবৃত্ত। আপনাদিগকে অবৈতপথে পরিচালিত করা যদি তাঁহার অভিপ্রেত হয়, তবে তিনি অবশ্য আমার বাক্য সমর্থন করিবেন।" এই বলিয়া তিনি মুখে মুখে সংস্কৃত শ্লোক রচনা করিয়া মধুর কণ্ঠে স্তোত্র পাঠ করিতে লাগিলেন। তাঁহার ভক্তিপূর্ণ কবিত্বময় ভাষায় স্তর্তি, মন্দির মধ্যে প্রতিধ্বনি তুলিয়া স্থানটিতে এমন একটা গান্তীর্যাের সঞ্চার করিলে যে, সকলের শরীর শিহরিয়া মন এক অজ্ঞাত ভাবোচ্ছাুলে পরিপূর্ণ হইয়া

সকলের দৃষ্টি মন্দির মধ্যে নিবন্ধ, তাঁত্র আগ্রহে
মন একাগ্র। একটা অসম্ভব ঘটনা দেখিবার জন্ম
তাঁহারা উৎক্ষিত হইয়া রহিলেন। সহসা মন্দির উজ্জ্বল

করিয়া শেতবর্ণ, দিভুজ, ত্রিশূলধারী, ব্যাদ্রচর্ম্ম পরিহিত, পিঙ্গল জটাযুক্ত, চুলু চুলু ত্রিলোচন শিব আবিভূতি হইলেন। চকিতে যেন স্বর্গরাজ্যের দ্বার খুলিয়া গেল, যেন ক্ষণকালের জন্ম সকলের জ্ঞান-নয়ন বিকশিত হইল; বিমল আনন্দে সকলের হৃদয় পূর্ণ হইয়া উঠিল; সেই প্রেমময় মূর্ত্তি ব্যতীত আর কিছু আছে, কি নাই, একথা মনে উঠিল না। মহেশর দক্ষিণ বাহু তুলিয়া, মধুর গঞ্জীর স্বরে, "অবৈত সত্যা, অবৈত সত্যা, অবৈত সত্যা" বলিয়াই অন্তর্হিত হইলেন। সকলে সমাধিস্থের আয় স্বস্থিত হইয়া রহিলেন। ক্ষণকাল পরে তাঁহারা আনন্দে জয়ধ্বনি করিয়া উঠিলেন। তথন জলস্রোতের আয় জনস্রোত শঙ্করের চরণে পতিত হইল।

ত্রুক চ-দমন

ভারতের দক্ষিণপ্রান্তে বৌদ্ধ প্রভাব না থাকিলেও বেদচর্চচা লুপ্ত হওয়াতে দেব-উপাসকগণ নানাপ্রকার অন্তুত মত ও কদর্য্য আচার অবলম্বন করিয়াছিলেন। বৌদ্ধসংঘ ধর্ম্মহীন হইলে, দল বাঁধিবার কোঁকে লোকে নানাপ্রকার বিকট সাজ পোষাক ব্যবহার করিতে লাগিল। ক্রমে সেই সব সাজ সজ্জা ধর্ম্মের স্থান গ্রহণ করিল। গায়ে ভস্ম মাথা, জটাজুট ধারণ করা, গায়ে ত্রিশূল ও শিবলিক্সের ছাপ মারা বা উদ্ধি কাটা, রুদ্রাক্ষরের মালায় সর্ববাঙ্ক

বেষ্টন করা, সর্ববদা হাতে একটা ত্রিশূল লইরা বেড়ান, এমন কি হাতে শিবলিঙ্গ স্থাপন করিয়া হাতখানা অসাড় করিয়া ফেলা—শৈবদের ধর্ম্ম ছিল। বৈষ্ণবগণ প্রতিযোগিতা করিয়া নানারূপ তিলক শন্ধ চক্র চিছ্ন প্রভৃতি ধারণ করতঃ বিকট মূর্ত্তি হইয়া ভাবিতেন, ধর্ম্ম-সাধনের আর বড় বেশী বাকী রহিল না। গণপতির বহুপ্রকারের উপাসনা প্রচলিত ছিল; তন্মধ্যে কতকগুলি অকথ্য বর্ববরতা পূর্ণ। শঙ্কর সশিষ্য বহু চেষ্টা করিয়া ইহাদিগকে বৈদিক ধর্মে দীক্ষিত করেন।

বামাচারী কাপালিক প্রভৃতি বক-ধার্ম্মিকগণ মন্তমাংস ও দ্রীলোক লইয়া আমোদ করাকে ধর্ম বলিয়া প্রচার করিত। অন্তান্ত ধর্ম্মে তবু একটু আধটু সদিচছা ছিল কিন্তু ইহারা আমোদ, 'মজা, ফুর্ন্তি' ছাড়া আর কিছুই বুঝিত না। ইহারা 'সিদ্ধাই' লাভের জন্ম উৎকট তপস্থা করিত এবং স্বার্থরক্ষার জন্ম যে কোনও অসমূপায় অবলম্বন করিতে কুঠিত হইত না। ইহাদিগকে দমন করিতে শঙ্করকে বড়ই বেগ পাইতে হইয়াছিল। কারণ অশিক্ষিত জনসাধারণকৈ প্রলোভন দেখাইয়া দলে ভর্তি করিয়া ইহারা খুব প্রভাবশালী হইয়া উঠিয়াছিল।

মণ্ডন বিজ্ঞারে ফলে উত্তর-ভারতে অবৈভমতের আন্দোলন প্রবল হইয়া উঠিল। প্রথন দক্ষিণপ্রান্তে

বৈদিক ধর্মপ্রচার করিয়া বেরার হইতে মহীশূর পর্যান্ত প্রতিষ্ঠিত অবৈদিক মত সমূহের উচ্ছেদ মানসে শঙ্কর প্রচারকার্য্য আরম্ভ করিলেন। বিদর্ভ রাজ্যের (বেরার) অধিকাংশ লোক ভৈরব উপাসক ছিল। শঙ্করের প্রচারের ফলে সেই দেশের রাজা ও অভিজাতবর্গ বেদপথ অবলম্বন করিলেন। তাহাতে অদ্বৈত প্রচারের খুব স্থবিধা হইল। পদ্মপাদাদি সন্ন্যাসিগণ রাজ্যের সর্বব্র ভ্রমণ করিয়া অল্ল দিনেই সমস্ত রাজ্য বেদমতাবলম্বী করিলেন।

তাহাদের গুরু ক্রেকচের নানারূপ সিদ্ধাই ছিল এবং তাহার দল এমন প্রবল ছিল যে, দেশের রাজাকে পর্যান্ত সে গ্রাহ্য করিত না। রাজা স্বধঘা ইতিপূর্বের বৌদ্ধধর্ম পরিত্যাগ করিয়া কুমারিলের মত গ্রহণ করেন। শঙ্করের চরিতক্থা শ্রবণ করিয়া তাঁহার পিপাস্থ হৃদয় ব্যাকুল হইয়া উঠে, তিনি তাঁহার চরণ সমীপে উপস্থিত হইয়া তাঁহার শিয়্যত্ব গ্রহণ করেন। বিদর্ভ বিজয় করিয়া শঙ্কর কর্ণাট রাজ্যে যাইতে চাহিলেন। বিদর্ভরাজ তাহা জানিতে পারিয়া গুরুদেবকে নিবারণ করিয়া বলিলেন যে, সেই রাজ্যে ক্রকচের অত্যন্ত প্রভাব এবং তাহার নানাপ্রকার সিদ্ধাই আছে; সে নিরীহ সয়্যাসিদলের মহা অনিষ্ট করিতে পারে; আচার্যাদেব যেরূপে আপনভোলা, আবার

উগ্র ভৈরবের মত কোনও অসৎ লোক তাঁহার কি অনিষ্ট করিবে, তাকে বলিতে পারে? কর্ণাটরার্জ স্থধ্যা গুরুদেবের অভিপ্রায় জানিতে পারিয়া আগ্রহের সহিত তাঁহাকে নিজরাজ্যে লইয়া গেলেন এবং স্বয়ং সসৈয়ে তাঁহার দেহ-রক্ষায় নিযুক্ত রহিলেন।

ক্রকচ আচার্যাদেবের আগমন বার্ত্তা পাইয়া ভাঁহাকে নিজধর্মে দীক্ষিত করিবার জন্ম আসিল। তাহার সমস্ত **(एड ज्यामार्था, मार्थाय़ किंग, পরিধানে রক্তবন্ত্র। মত্যপানে** ঢুলু ঢুলু লাল চোখ, একহাতে মত্ত খাইবার জন্য মানুষের মাথার থুলি, আর একহাতে ত্রিশূল। একে এই বীভৎস-মূর্ত্তি, তাহাতে আবার যখন ঘোরতর অশ্লীল ও অসভ্য মত ব্যাখ্যা করিতে লাগিল, তখন শঙ্কর-শিষ্যগণ কুপিত হইয়া তাহাকে তাডাইয়া দিলেন। ক্রকচ অপমানিত হইয়া তাহার মাতালের দল লইয়া যুদ্ধ করিতে আসিল। তাহারা হয়ত বুঝিয়াছিল যে শাস্ত্রেত পারিব না, শস্ত্র ধরিয়া শেষ চেষ্টাটা করিয়া দেখিতে হইবে। রাজা মুধয়া ত পূর্বেই প্রাস্তুত ছিলেন। তাঁহার স্থানিক্ষত সৈম্মদলের আক্রমণে কাপালিকগণ পরাস্ত ও নিহত হইল। ক্রকচ অবশেষে তাহার ইষ্টদেব ভৈরবকে স্মরণ করিল। ভৈরব আভিভূতি হইলে সে শঙ্করকে বধ করিবার জন্ম প্রার্থনা করিল। শিবামুচর ভৈরব ইহাতে

কুদ্ধ হইয়া তাহাকে ভর্ৎসনা করিতে লাগিলেন। কাহারও
মতে ভৈরব ত্রিশূলাঘাতে ক্রকচের মুগুপাত করেন।
ক্রকচের মৃত্যু বা পরাজয়ে তাহার শিশুগণ ভয়ে, বিশ্ময়ে
অথবা ভক্তিতে শঙ্করের চরণে শরণ লইল। অভ্যান্ত
অনেক অবৈদিক মতাবলম্বিগণ শঙ্করের ঈদৃশ প্রভাব
দেখিয়া সহজেই অবৈত মত অবলম্বন করিল। রাজা
মুধ্যা গুরুর দেহ রক্ষা করিবার জন্য সৈন্তসহ আচার্যাদেবের
সক্ষে সঙ্গে ভ্রমণ করিতে লাগিলেন।

কুকুরোপাসনা-নিবারণ

শল্লপুর নামক স্থানে এক চমৎকার ধর্ম্মসম্প্রদায় ছিল। তাহারা জগবানকে কুকুর-বাহন মল্লারিরপে উপাসনা করিত। বেদে সর্বব্যাপী ভগবানের একটি স্তবে একস্থলে "স্বভ্যো নমঃ, স্বপতিভ্যো নমঃ" বলিয়া ঈশরকেই নির্দেশ করা হইয়াছে। কিন্তু ইহারা সেই বেদবাক্যের কদর্থ করিয়া কুকুরের পূজা করিত, কুকুরের স্থায় শব্দ করিত এবং সর্ববদা নৃত্যগীত করা ছিল তাহাদের ধর্মের প্রধান অঙ্গ। ইহারা ব্রাহ্মণ ছিল। শঙ্করের প্রচারের ফলে ইহাদের চৈতন্ম হইল। তাহার শিম্মগণ ইহাদের মস্তক মুগুন করাইয়া দশহাজার বার স্নান করাইলেন, তারপর মাথায় কাদা মাথাইয়া আবার এক শতবার স্নান, আবার শতবার স্নান ও প্রায়শ্চিত্ত করাইয়া

দি থিজয়

তাহাদের দেহমন শুদ্ধ করতঃ ব্রাহ্মনের আচার শিক্ষা দিলেন।

আচার্যাদেব যোলবৎসর ভারতবর্ষের সর্ববত্র পদত্রজে ভ্রমণ করিয়া অবৈত মত প্রচার করিলেন। এই মহাদেশের ম্যায় ভারত ভূমিতে কত ভাষা কত ধর্মা ও কত আচার থাকা সম্ভব তাহা বর্ত্তমান অবস্থা বিবেচনা করিলেই বুঝা যাইবে। প্রবল বাত্যা যেমন আকাশের মেঘ সমূহ ছিন্ন-বিছিন্ন করিয়া চারি দিকে বিক্ষিপ্ত করে, কুমারিলভট্ট তেমনই বৌদ্ধগণকে পরাজিত, নিহত ও বিতাড়িত করিলে ভারতাকাশে বেদ-সূর্যোর উদয় হয়। বৌদ্ধ ধর্ম্মের ছায়ায় যে সব অপধর্মা, ধর্মবিজ্ঞান-বহিভূতি মত পরগাছার মত জনিয়াছিল, বৌদ্ধ ধর্মের সহিত তাহারা কেন্দ্র হইতে বিতাড়িত হইয়া দূরপ্রান্তে আড়ালে আত্মরক্ষা করিবার टिको कत्रिल। ^रवामाठाँती, काशालिकशन शृर्वनीमात्स्र কামরূপে ও দক্ষিণদিকে মহীশূর অঞ্চলে কেন্দ্র করিয়া তাহাদের উদ্দেশ্য সিদ্ধি করিতে লাগিল। জৈনগণও বিতাড়িত হইয়া পশ্চিম সীমান্তে বাহলীক দেশে वालाय नहेया हिन। वार्गाराप्त এই मत প्रास्मीमा পর্যান্ত ভ্রমণ করিয়া অদৈত মত প্রচার করিলেন। তাঁহাকে কত মত কত সম্প্রদায়ের যে সম্মুখীন হইতে হইয়াছিল তাহার অল্পই জানা গিয়াছে; এই ক্ষুদ্র পুস্তকে তাহারও

সবগুলির উল্লেখ করা সম্ভব নহে। ভারতকে ঐহিকতা হইতে উদ্ধার করার জন্ম ভগবান এই যন্ত্র নির্ম্মাণ করিয়া-ছিলেন; ইহার ভিতর দিয়া তিনিই সমস্ত ভারতে মানবীয় নিয়মে বেদ-বিজ্ঞান প্রচার করিলেন।

কামরূপে

বাহলীক-বাসী জৈনগণ বিচারে পরাস্ত হইলে তাহাদের অনেকে অবৈত মত গ্রহণ করিল। কামরূপে শাক্ত-প্রধান অভিনব গুপ্ত বেদান্ত সূত্রের এক শাক্তভায়্য রচনা করেন। শঙ্কর তথায় উপস্থিত হইলে, উভয়ে কয়েকদিন ধরিয়া বিচার হয়। অভিনব গুপ্ত পরাজিত হইয়া কপটভাবে আচার্য্যদেবের শিয়ুত্ব গ্রহণ করিল।

ঈর্ষায় তাহার হাদয় জ্বলিয়া যাইতেছিল; তাই সে 'অভিচার' ক্রিয়া করিয়া আচার্যাদেবের নিষ্পাপ দেহে 'ভগন্দর' রোগ উৎপাদন করিল। শিয়্যগণ প্রাণপণ যত্নে গুরুর শুশ্রুষা করিতে লাগিলেন। তোটকাচার্য্য-গুরুর সেবার জন্ম আহার নিদ্রা ভুলিলেন। আচার্য্য-দেব রোগের কারণ জানিতেন, তাই তিনি কোনও রূপ চিকিৎসা করাইতে সম্মত হইলেন না। অবশেষে শিয়্য-গণের সনির্বন্ধ অমুরোধে ঔষধ ব্যবহার করিলেন। কিন্তু রোগের বিন্দুমাত্র উপশম হইল না। শিয়্যগণ অত্যন্ত ভীত হইলেন। পদ্মপাদ যোগশক্তি বলে জানিতে

পারিলেন যে, ইহা অভিচার-জাত রোগ, চিকিৎসায়
সারিবার নহে। তথন তিনি অভিচারকারীর দেহে এই
রোগ ফিরাইয়া দিবার জন্ম মন্ত্রজপ করিতে লাগিলেন।
আচার্য্যদেব হিংসা করিতে বারবার নিষেধ করিলেন।
কিন্তু গুরুত্তক গুরুর জন্ম গুরুর আদেশ লজ্মন করিলেন।
তাঁহার মন্ত্রবলে ভগন্দর রোগ আচার্য্যদেবের দেহ হইতে
অভিনব গুপ্তের দেহে ফিরিয়া গেল। শঙ্কর স্কুত্ব হইলেন,
আর অভিনবগুপ্ত যন্ত্রনায় ছট্ ফট করিতে করিতে প্রাণ
তাাগ করিল।

বিদ্যাপীঠে আরোহণ

ভূম্বর্গ কাশ্মীর তথন বিদ্যাচর্চ্চার জন্ম ভারত-বিখ্যাত।
সেখানে একটি বিশ্ববিদ্যালয় ছিল তাহাতে সর্ববিধ
শান্তের চর্চচা হইত। আর ছিল দেবী-সরস্বতীর এক
মন্দির। তাহার চারিদিকে চারিদ্বার ও প্রত্যেক দারের
সম্মুখে এক একটি মণ্ডপ। মন্দির মধ্যে একটি আসন,
বিদ্যাভদ্রাসন বা সারদাপীঠ নামে অভিহিত হইত।
মন্দির স্থাপনকারী এই নিয়ম করেন যে, মন্দিরের চারিদিকের দেশসমূহ হইতে আগত যে পণ্ডিত মন্দিররক্ষক পণ্ডিতমণ্ডলীর প্রশ্নের, সন্তোষ-জনক উত্তর দিয়া
নিজ দেশাভিমুখী দ্বার উদ্ঘাটন করিয়া উক্ত পীঠে
আরোহণ করিতে পারিবেন, তিনি সর্ববজ্ঞ বলিয়া গণ্য


ছইবেন। ইতিপূর্বের পশ্চিম, উত্তর ও পূর্বব দেশীয় পণ্ডিতগণ পূর্বেবাক্ত নিয়মে নিজ দেশাভিমুখী দার উদ্যাটন করিয়া সর্ববজ্ঞ খ্যাতিলাভ করিয়াছেন। দক্ষিণদেশীয় কোনও পণ্ডিত এ যাবৎ দক্ষিণদার উদ্ঘাটন করিতে পারেন নাই।

শঙ্কর ভাবিলেন, ঐ পীঠে আরোহণ করিয়া সর্ববজ্ঞ খ্যাতি লাভ করিলে অনায়াসে কাশ্মীর অঞ্চলে অদৈত মত গৃহীত হইবে, ভারতে সর্বব্য অদৈত মতের গোরব বাড়িবে এবং দাক্ষিণাত্যের অগোরব দূর হইবে। এই ভাবিয়া তিনি সশিশ্র কাশ্মীরে গিয়া শারদাপীঠের দক্ষিণ-ঘার উদ্ঘাটন করিতে উদ্যত হইলেন। মন্দিররক্ষক পণ্ডিতগণ তাঁহাকে বাধা দিয়া বিচারে আহ্বান করিলেন। শঙ্কর অবলীলা ক্রমে একে একে অতি সংক্ষিপ্ত ভাষায় পণ্ডিতগণের প্রশ্ন সমূহের উপযুক্ত উত্তর দিয়া সকলকেই নিরস্ত করিলেন। অতঃপর পীঠে আরোহণ করতঃ সর্ববজ্ঞ বলিয়া খ্যাতি লাভ করিলেন। অল্প সময় মধ্যে কাশ্মীরে অদৈত মত প্রচার হইল।

লীলাবসান

কাশ্মীরে প্রচারকার্য্য শেষ হইলে শঙ্কর তাঁহার কর্ত্তব্য শেষ হইয়াছে বলিয়া অন্যুভব করিলেন। ব্যাস-দত্ত আয়ুও নিঃশেষ প্রায়। ইতিপূর্বেব নানা স্থানে প্রচারকেন্দ্র

স্বরূপ মঠ-সমূহ নির্ম্মিত হইয়াছিল; এখন তিনি শিষ্যগণকে তথায় ঘাইয়া প্রচার কার্য্যে নিযুক্ত হইতে আদেশ
করিলেন। শিষ্যগণ বুঝিতে পারিলেন, জীবনসর্বস্থ
গুরুদেবের সঙ্গে এই শেষ দেখা। এই আদেশ তাঁহাদের
পক্ষে কিরূপ মর্ম্মান্তিক তাহা বলিয়া বুঝান অসম্ভব।
তাঁহারা গুরুর সঙ্গত্যাগ করিতে সম্মত হইলেন না।
দরাময় আচার্য্যদেব শিষ্য-প্রেমে বাধ্য হইয়া কিছুকাল
কেদারনাথ ধামে বাস করিয়া শিষ্যদিগকে শান্ত করতঃ
পূর্ব্ব নির্দ্দিষ্ট কার্য্যে প্রেরণ করিলেন এবং স্বয়ং কৈলাস
ধামে গিয়া মহাসমাধি যোগে শিবত্ব লাভ করিলেন।



উপসংহার

বহু সহস্র বৎসর পূর্বেব বেদপ্রবর্ত্তক ভগবান ভৃগুরাম, ভারতের পশ্চিম-দক্ষিণ-সীমাস্তে ব্রহ্মতেজের এক অনল-কণা স্বত্নে রক্ষা করেন। তাহা এখন দিগ্দাহী বহিন্
কূটরূপে ভারতের সমূহ অজ্ঞান, অংশ্ম, অপবিত্রতা দহন
করিল। পর্মবিজ্ঞ ভগবান শঙ্করাচার্য্য দীর্ঘ যোড়শবৎসর
কাল ভারতের সর্বব্র জ্রমণ করিয়া কেবল অবৈত্ত মত
প্রচার করিয়াই নিরস্ত হন নাই; তিনি ভারতের ধর্ম্মরক্ষার স্থায়ী বন্দোবস্ত করিয়া গিয়াছেন। নিম্নে তাহার
ক্রেক্টি প্রধান কার্য্যের উল্লেখ করা হইল।

- (১) দেবী সরস্বতীকে সম্ভষ্টা করিয়া বছজন-হিতায় চিরকালের জন্ম শুঙ্গেরী মঠে প্রতিষ্ঠা। 🗠
- (২) বেদাচার ও শান্ত রক্ষার জন্ম সন্-ব্রাক্ষণ-সম্প্রদায় গঠন।
- (৩) জ্ঞানচর্চচা ও ধর্মাপ্রচারের জন্ম সন্ম্যাসি-সম্প্রদায় গঠন। প
- (৪) মানুষের অনুমান যাহাতে ধর্ম্মের স্থান অধি-কার না করে তজ্জ্বন্য অকাট্য যুক্তি প্রমাণের দ্বারা ধর্ম্মের চূড়াস্ত মীমাংসা স্বরূপ ভাষ্ম রচনা।

উপসংহার

- (৫) তীর্থ সমূহের উদ্ধার, দেবতার চৈতত্য সম্পাদন ও সেবা পূজার ব্যবস্থা।
- (৬) শ্বর্মের আচার-প্রচার-পরিরক্ষণের জন্ম স্থানে স্থানে, বিশেষতঃ ভারতের চারি দিকে চারিটি মঠ স্থাপন।

শৃঙ্গেরী মঠে মা সরস্বতী দেবী শঙ্গারের তপস্থার চিরবিদ্যমানা। যখনই ধর্ম্মের গ্লানি উপস্থিত হয়, তখনই এই মঠের সাধু-সম্প্রদায়ে জগবান আবিভূতি হইয়া ধর্ম্ম রক্ষা করেন। পূর্ণাবতার ভগবান শ্রীকৃষ্ণটৈতস্থদেবের মন্ত্রদাতা ঈশ্বর পুরী ও সন্ন্যাসদাতা কেশব ভারতী শৃঙ্গেরী মঠের "ভূবার" সম্প্রদায় ভুক্ত। তাঁহার শ্রীকৃষ্ণটৈতস্থলামির "ভূবার" সম্প্রদায়ের ব্রহ্মচারী পদবী বোধক। আবার যখন সমস্ত পৃথিবী ইহসর্বস্বতার অনলে দক্ষ হইতে চলিল তখন "ভূবার" সম্প্রদায়ের আচার্যা তোতাপুরী গুরুপরম্পরাগত ব্রহ্মবিদ্যা শ্রীমদ্ রামকৃষ্ণ পরমহংসদেবকে প্রদান করিয়া মানুষের জন্ম মুক্তির্ন্নার উদ্ঘাটন করিয়াছেন।

আচার্যাদেব বেদধর্ম রক্ষার তুর্গ স্বরূপ ভারতের চারি প্রান্থে চারিটি প্রধান মঠ স্থাপন করেন। পিশ্চিমে দ্বারকা ক্ষেত্রে সারদামঠ, উত্তরে বদরিকাশ্রমে যোগীমঠ বা জ্যোতির্ম্মঠ, পূর্বেব পুরুষোত্তম ক্ষেত্রে ভোগবর্জন বা গোবজ্কনমঠ, এবং দক্ষিণে রামেশ্বর ক্ষেত্রে শৃঙ্গগিরি বা শৃঙ্গেরী

মঠ। চারিজন প্রধান শিষ্যের নেতৃত্বে সন্ন্যাসী সম্প্রদায়কে চারি ভাগে বিভক্ত করিয়া ভারতের চারি অংশে তাঁহাদের কর্মক্ষেত্র নির্দ্দিষ্ট করা হয়। তাঁহাদের মধ্যে দশটি আখ্যা থাকায় তাঁহাদিগকে "দশনামী" সম্প্রদায় বলে। প্রত্যেক মঠে ধর্মের আচার, প্রচার ও পরিবেক্ষণের ব্যবস্থা আছে।


ব্রাহ্মণগণ সংস্কারহীন, শান্ত্রজ্ঞানহীন, ভগবদ্ভক্তি-বিহীন, কেহ বা বৌদ্ধ ভাবাপন্ন হইয়াছিলেন। সমাজে তাঁহাদের সম্মান বা প্রভাব কিছুই ছিল না। আচার্য্য-দেব তাঁহাদিগকে বৈদিক সংস্কারে সংস্কৃত করিয়া, শিশ্য-গণের দ্বারা সদাচার শিক্ষা দিয়া আবার সমাজ-শিক্ষক-পদে স্থাপিত করেন।

তিনি যেখানেই যাইতেন সেখানকার তীর্থ ও দেবালয় সমূহে গিয়া দেবতার পূজা অর্চনা ও স্তোত্র রচনা করিয়া দেবতার চৈতত্য সম্পাদন করিতেন এবং সেবা পূজার স্থাবস্থা করিতেন। দেব-দেবীগণের যে সব স্তাতি তিনি মূখে মুখে রচনা করিয়া আর্ত্তি করিয়াছিলেন, এখন পর্যান্ত আসমুদ্রহিমাচলবাসী তাহা পাঠ করিয়া ধত্য হইতেছে। দেবপূজার সামাত্য বিধিতেও 'সোহহং' চিন্তা করিবার যে ব্যবস্থা দৃষ্ট হয় তাহা এই অমৃতবীর্যা মহাপুরুষেরই বিধান। √ভারতের প্রায় অধিকাংশ তীর্থ তাহার পাদস্পশে বৌদ্ধবামাচার মুক্ত হইয়া তীর্থছ লাভ

উপসংহার

করে। পুরুষোত্তম ক্ষেত্র যে কি কদর্য্য আচারের স্থল হইয়াছিল তাহার নিদর্শন এখনও বিছ্যমান। এই পুরুষ- সিংহ কদাচারিগণকে বিতাড়িত করিয়া তথায় ভোগবর্দ্ধন মঠ স্থাপন করেন। পরে তাহা বর্ত্তমান গোবর্দ্ধন মঠে স্থানান্তরিত হইয়াছে। ^১কাশীধাম সম্বন্ধে কিংবদন্তির কথা পূর্বেব উল্লেখ করা হইয়াছে।

ভগবান শঙ্করাচার্য্যের কুপায় পরস্পর প্রতিদ্বন্দী ধর্ম্মত সমূহের কলহ কোলাহল নীরব হইল। তাঁহার আধাাত্মিক শক্তিবলে এবং শিশ্বগণের প্রচারের ফলে মানুষ অদৈততত্ত্বে লক্ষ্য রাখিয়া শত মতে শত পথে ব্রহ্ম-নির্ববাণ লাভে কৃতার্থ হইতে লাগিল। তাহাদের ছঃখতাপ রহিল না, বেন সত্যযুগের পুনরভাুদর হইল।



মঠের বিবরণ

মঠের নাম		শৃঙ্গেরী মঠ	গোবৰ্দ্ধন মঠ	সারদা মঠ	জ্যোতিৰ্ম্মঠ
আচাৰ্য্য	{	পৃথীধর বা স্থ রেশ্বর	পদ্মপাদ {	বিশ্বরূপ বা হস্তামলক	তোটকাচাৰ্য
সম্প্ৰদায়		ভূমিবার	দোনবার	কীটবার	আনন্দবার
পদবী	{	সরস্বতী, পুরী, ভারতী	বন, অরণ্য	তীৰ্থ, আশ্ৰম, {	গিরি, পর্বত, দাগর
বৃশ্বচারী		চেতন	প্ৰকাশক	স্বরূপ	নন্দ
বেদ		য জুঃ	ৠক্	সাম	অথৰ্ব্ব
তীর্থ		তুঙ্গভদ্ৰ1	মহোদধি	গোমতী	অলকনন্দা
অধিষ্ঠাতা		আদি বরাহ	জগনাথ	সি দ্ধেশ্ব র	নারায়ণ
অধিষ্ঠাত্ৰী		কামাক্ষী	বিমলা	ভদ্ৰকালী	পুণ্যগিরি

সাহিত্য, ১৩০৮ বাং, হিমারণ্য নামক প্রবন্ধ হইতে কিঞ্চিৎ পরিবর্ত্তিত করিয়া গৃহীত। প্রবন্ধের লেখক ৮স্বামী রামানন্দ ভারতী মহারাজ। ইতি—গ্রন্থকার।

